# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Bhadra 09, 1433 Bangla, August 24, 2026, Monday, No. 230, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has stressed on giving prority to merit and integrity for promotion of Navy and Air Force officers keeping political ideology aside. [Jago FM: 10]

President Mirza Fakhrul Islam Alamgir has formally started his official duties at Bangabhaban. [Jago FM: 12]

LGRD and Cooperatives Minister has stated that local government elections will be held on time in country following constitutional procedure. [R. Today: 20]

Information and Broadcasting Minister has pledged to take media forward through cooperation rather than control. [R. Today: 19]

Government has decided to form a directorate for welfare and rehabilitation of victims of enforced disappearance, murder, torture, and extrajudicial killing. [Jago FM: 15]

Five more people have died of dengue across country. [BBC: 04]

Police have detained two youths for their involvement with killings of a retired school teacher & three of his family members in Rangpur. [BBC: 03]

22 people including a Bangladeshi national are missing after a bulk carrier sank off India's eastern coast. [DW: 10]

Iran has warned that countries which would participate in US "economic war" will be considered as enemies. [BBC: 07]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

## দৈনিক মনিটরিং রিপোর্ট
## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
## ভাদ্র ০৯, বাংলা ১৪৩৩, আগস্ট ২৪, ২০২৬, সোমবার, নং- ২৩০, ৫৬তম বছর

# শিরোনাম

নৌ ও বিমান বাহিনীর কর্মকর্তাদের পদোন্নতিতে মেধা ও সততাকে গুরুত্ব দেওয়ার নির্দেশনা প্রধানমন্ত্রীর । [জাগো এফএম: ১০]

বঙ্গভবনে দাপ্তরিক কার্যক্রম শুরু করলেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। [জাগো এফএম: ১২]

সাংবিধানিক প্রক্রিয়ার নিয়ম -কানুন মেনে দেশে যথাসময়ে স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠিত হবে --- জানিয়েছেন এলজিআরডি ও সমবায় মন্ত্রী । [রে. টুডে: ২০]

সংবাদমাধ্যমকে নিয়ন্ত্রণ নয় বরং সহযোগিতার মাধ্যমে এগিয়ে নেওয়ার প্রত্যয় জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী । [রে. টুডে: ১৯]

গুম, খুন, নির্যাতন ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার ব্যক্তি এবং ক্ষতিগ্রস্ত পরিবারের কল্যাণ ও পুনর্বাসনে নতুন অধিদপ্তর গঠনের সিদ্ধান্ত সরকারের। [জাগো এফএম: ১৫]

ডেঙ্গুতে আক্রান্ত হয়ে দেশে আরও পাঁচজনের মৃত্যু । [বিবিসি: ০৪]

রংপুরে সাবেক শিক্ষকসহ পরিবারের চার সদস্যকে খুনের সাথে জড়িত সন্দেহভাজন দুই ব্যক্তি আটক। [বিবিসি: ০৩]

ভারতের পূর্ব উপকূলের কাছে একটি পণ্যবাহী জাহাজ ডুবে এক বাংলাদেশিসহ ২২ নাবিক নিখোঁজ। [ডয়চে ভেলে: ১০]

ইরান সতর্ক করেছে, যেসব দেশ যুক্তরাষ্ট্রের 'অর্থনৈতিক যুদ্ধে' অংশ নেবে, তেহরান তাদের শত্রু হিসেবে গণ্য করবে। [বিবিসি: ০৭]

# বিবিসি

## হুমকির খবরে ঢাকার কূটনৈতিক এলাকায় নিরাপত্তা জোরদার

ঢাকায় অবস্থিত দুইটি বিদেশি দূতাবাসে ই-মেইলের মাধ্যমে হুমকির ঘটনায় বারিধারা ও গুলশানের পুরো কূটনৈতিক এলাকায় নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করেছে আইন-শৃঙ্খলা বাহিনী। রোববার ঢাকা মেট্রোপলিটন পুলিশের ডিপ্লোমেটিক সিকিউরিটি বিভাগের উপ-পুলিশ কমিশনার বা এডিসি আবু খায়ের বিষয়টি নিশ্চিত করেছেন। মি. খায়ের বলেন, ”চায়না এবং রাশিয়া তাদেরকে একটা হুমকি দিয়ে ই-মেইল করা হয়েছে। বাট, ওইটা কোন জায়গা থেকে আসছে ওইরকম কিছু না। আমরা ধারণা করছি, এটা স্ক্যামের, ফেইক।„ ঢাকায় নিযুক্ত বিদেশি দূতাবাসগুলো নিয়মানুযায়ী বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়কে বিষয়টি অবহিত করেছে বলে জানান এই পুলিশ কর্মকর্তা। পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পুলিশ সদর দফতর এবং কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইমকে বিষয়টি অবহিত করার পর দূতাবাসগুলোর এলাকায় আইন-শৃঙ্খলা বাহিনীর মনিটরিং আরো জোরদার করা হয়েছে। ”তারা আমাদেরকে কিছু জানায় নাই। তারা মনে হয় মিনিস্ট্রি অফ ফরেইন অ্যাফেয়ার্সকে জানাইছে। আমি অফিসিয়ালি কোনো কিছু পাই নাই বাট, যখন জানছি আমাদের যে এক্সিসটিং সিকিউরিটি মেজার সেগুলোই আরো জোরদার করা হয়েছে। ওইরকম কোনো কিছু মনে করতেছি না,„ বলেন মি. খায়ের। তবে এ বিষয়ে থানায় জিডি বা লিখিত কোনো অভিযোগ করা হয়নি বলে জানান মি. খায়ের। (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## 'রংপুরে ৪ জনকে খুন করে বাসায় বসেই খেজুর, শসা খেয়েছে খুনিরা', বলছে পুলিশ

বাংলাদেশের উত্তরাঞ্চলীয় জেলা রংপুরে জিলা স্কুলের সাবেক শিক্ষকসহ পরিবারের চার সদস্যকে খুনের সাথে জড়িত সন্দেহভাজন দুই ব্যক্তিকে একই এলাকা থেকে আটকের পর পুলিশ বলছে, তারা দুইজন হত্যাকাণ্ডগুলো ঘটিয়েছেন এবং তার আগে ওই বাড়ির ছাদে বসে মাদক সেবন করেছে। রংপুর মহানগর পুলিশ কমিশনার মোহাম্মদ আব্দুল মাবুদ এক সংবাদ সম্মেলনে জানিয়েছেন, ”ইয়াবা খাওয়ার আলামত পেয়েছি। খেজুরের বিচি পেয়েছি। ফ্রিজ থেকে বের করে শসা খেয়েছে, তারও আলামত পেয়েছি। খুন শেষের পর তারা গোসল করে। আগুনে টেস্ট করা চুড়ি পেয়েছি। তখন মনে হয়েছে গোল্ডের বিষয়ে অভিজ্ঞ কেউ জড়িত থাকতে পারে। এসব আলামত বিশ্লেষণ করে আমরা আসামি গ্রেফতারে সমর্থ হয়েছি।„ অন্যদিকে জড়িতদের জিজ্ঞাসাবাদের পর রংপুরের ডিবি ডিসি সনাতন চক্রবর্তী জানিয়েছেন যে, ওই শিক্ষক ও পরিবারের সদস্যদের হত্যার পর তারা আরও ৬-৭ ঘণ্টা ওই বাড়িতেই ছিল বলে তাদের কাছে স্বীকার করেছেন। ”ভোর রাতে সন্দেহভাজন দু-জনকে আটকের পর তাদের ব্যাপক জিজ্ঞাসাবাদ করা হয়েছে। তারা অকপট খুনের কথা স্বীকার করেছে। আমরা তাদের একসাথে ও আলাদাভাবে জিজ্ঞাসাবাদ করে নিশ্চিত হয়েছি,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। রংপুর মহানগরের কোতোয়ালী থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা এ কে এম নাজমুল কাদের জানিয়েছেন যে, এ ঘটনায় অজ্ঞাতনামা ব্যক্তিদের আসামি করে মামলা দায়ের করেছেন নিহত শিক্ষকের ভাই গোপীনাথ চক্রবর্তী। মি. চক্রবর্তী বিবিসি বাংলাকে বলেছেন, ”আমি খবর পেয়ে গ্রাম থেকে এসেছি। মামলা করেছি। আশা করি, সঠিক তদন্ত করে তারা (পুলিশ) বের করবে কী হয়েছে।„

### হত্যাকাণ্ড সম্পর্কে আরও যা জানা যাচ্ছে

শনিবার রাত সাড়ে ১১টার দিকে নগরীর দাসপাড়া মাছুয়াপাড়া এলাকা থেকে রংপুর জিলা স্কুলের অবসরপ্রাপ্ত শিক্ষক গণপতি চক্রবর্তী ও তার পরিবারের মোট চারজনের মরদেহ উদ্ধার করেছিল পুলিশ। অবসরের পর তিনি হোমিওপ্যাথি চিকিৎসক হিসাবে কাজ করতেন। মি. চক্রবর্তী দোতলা বাড়িটির দ্বিতীয় তলায় থাকতেন। মৃতদেহগুলোতে পচন ধরে পুরো বাড়িতেই দুর্গন্ধ ছড়িয়ে পড়েছিল বলে জানিয়েছে। সেখান থেকেই একে একে গণপতি চক্রবর্তী, তার স্ত্রী প্রীতিলতা চক্রবর্তী, মেয়ে আগামী চক্রবর্তী প্রার্থী ও ছেলে প্রীয়ম চক্রবর্তীর মৃতদেহ উদ্ধার করে পুলিশ। প্রীতিলতা চক্রবর্তীর বোন পূজা চক্রবর্তী রংপুরের স্থানীয় সাংবাদিকদের জানিয়েছেন, বৃহস্পতিবার তাদের সাথে প্রীতিলতা চক্রবর্তীর সবশেষ কথা হয়েছিল। এরপর শনিবার রাত পর্যন্ত মোবাইল বন্ধ পেয়ে তারা ওই বাড়িতে এসে মেইন দরজা বন্ধ পেয়ে পুলিশকে খবর দেন। পরে পুলিশ এসে তালা ভেঙ্গে ঘরের ভেতরে ঢুকে একের পর এক মরদেহগুলো উদ্ধার করে। নিহত শিক্ষকের বড়ো ভাই গোপীনাথ চক্রবর্তী বিবিসি বাংলাকে বলছেন, ”আমার ভাই খুবই সাধারণ জীবন যাপন করতেন। তার কোনো শত্রু ছিল না। এভাবে কেন তাকে খুন করা হবে। আমরা চাই সঠিক তদন্ত করে সত্যিটা বের করা হোক।„ রংপুরের পুলিশ অবশ্য দাবি করছে, তারা ঘটনার রহস্য উদঘাটন করেছেন এবং ঘটনার সাথে জড়িত দুইজনকে আজ ভোরে আটক করেছেন।

পুলিশ কমিশনার মোহাম্মদ আব্দুল মাবুদ সংবাদ সম্মেলন করে বলেছেন, গণপতি চক্রবর্তী সম্মানিত মানুষ ছিলেন এবং কারও সাথে তাদের কোনো বিবাদ ছিল না। তাকে ও পরিবারের সদস্যদের হত্যাকাণ্ডের বিস্তারিত তথ্য তারা অত্যন্ত অল্প সময়ের মধ্যে তথ্য উদ্ঘাটন করতে সক্ষম হয়েছেন বলে জানান তিনি। তিনি জানান, মুগ্ধ দাস ও সিদ্ধার্থ দাস নামে দু-জনকে তারা আটক করেছেন এবং তারা পরস্পরের আত্মীয় ও একই এলাকার। এর মধ্যে একজন সেখানকার

একটি স্বর্ণের দোকানের কারিগর হিসেবে কাজ করতেন। "পাশের নির্মাণাধীন বাড়ির ভেতর দিয়ে ওনাদের (গণপতি চক্রবর্তীর) বাড়ির ছাদে এসেছিল দু-জন। ওই ছাদে তারা ইয়াবা সেবন করে। এ সময় গণপতি স্যার শব্দ শুনে খালি গায়ে উপরে যান। তার ঘাড়ে গামছা ছিল। তিনি ওই দু-জনকে চ্যালেঞ্জ করলে তারা স্যারের গলার গামছা দিয়ে পেঁচিয়ে তাকে হত্যা করেন। তখন তিনি বাঁচার জন্য চেষ্টা করেন। এতে শব্দ হয়। শব্দ শুনে প্রীতিলতা চক্রবর্তী উপরে আসার চেষ্টা করেন। এ সময় ওই দু-জন সিঁড়িতে গামছা পেঁচিয়ে সিঁড়ির মধ্যেই তাকেও হত্যা করে, বলেছেন মি. মাবুদ। তার বর্ণনা অনুযায়ী প্রীতিলতা চক্রবর্তীর চিৎকার চেঁচামেচি শুনে তাদের মেয়ে প্রার্থী চক্রবর্তী এগিয়ে আসলে ওই দু-জন তাকেও রশি দিয়ে পেঁচিয়ে হত্যা করে। এরপর প্রার্থীর ছোটো ভাই ১২ বছর বয়সি প্রিয়মকে গলায় কাপড় পেঁচিয়ে ও বালিশ চাপা দিতে হত্যা করে ওই দু-জন। "এরপর ছোটো ছেলের বাথরুমে গিয়ে তারা গোসল করে। পরে তাদের ডাইনিং টেবিলে থাকা খেজুর খায়। সেখানে ইয়াবা সেবন করে। এসব আলামত আমরা পেয়েছি। এরমধ্যে সকাল হওয়ার পর তারা বেরিয়ে যাওয়ার সুযোগের অপেক্ষা করতে থাকে। জিনিসপত্র লুট করে জুমার নামাজের সময় তারা বেরিয়ে যায়,„ বলছিলেন রংপুরের পুলিশ কমিশনার। তিনি জানান, যাওয়ার সময় বাসার ভেতরের সবকিছু ওই দু-জনই ইচ্ছাকৃতভাবে এলোমেলো করে যায়। বাসায় থাকা দুটি ফোন তারা ডিটারজেন্ট দিয়ে বালতিতে ভিজিয়ে রাখে। "কিছু স্বর্ণালংকার নিয়ে তারা সেখানকার মন্দিরের পেছনে পরিত্যক্ত জায়গায় রেখে যায়। পরে তাদের দেখানো মতে এগুলো উদ্ধার করা হয়েছে।„ পুলিশ কমিশনার বলেন, টানা চারটি খুন করেও খুনিদের আচরণ ছিল স্বাভাবিক এবং খুনের পর বাসার ফ্রিজ থেকে শসা বের করে খেয়েছে তারা। কিন্তু দুইজন ব্যক্তি একটি বাসার চারজনকে খুন করলো কীভাবে- এমন প্রশ্নের উত্তরে রংপুরের ডিবি ডিসি সনাতন চক্রবর্তী বিবিসি বাংলাকে বলেছেন, "তারা প্রথমে মাদক সেবন করেছে। এরপর একজন একজন করে খুন করেছে। আমরা দু-জনকে একসাথে ও আলাদা করে জিজ্ঞাসাবাদ করে একই তথ্য পেয়েছি। ঘটনার পর ৬/৭ ঘণ্টা তারা ভেতরেই অবস্থান করেছে।„ পুলিশের এসব বর্ণনার বিষয়ে নিহত গণপতি চক্রবর্তীর ভাই গোপীনাথ চক্রবর্তীর বক্তব্য জানতে চাইলে তিনি বিবিসি বাংলাকে বলেন, তাদের আশা পুলিশ সঠিক তদন্ত করে প্রকৃত অপরাধীদের আটক করবে। "আমি ঘটনা শুনে মিঠাপুকুরে গ্রামের বাড়ি থেকে আসছি। কিছুই জানি না। এটা তো পুলিশই বলবে যে কেন ও কীভাবে ঘটনাটি হলো,„ বলছিলেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## গত ২৪ ঘণ্টায় আটশোর বেশি নতুন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি

গত ২৪ ঘণ্টায় দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৮৩৯ জন। একই সময়ে মারা গেছেন পাঁচ জন। রোববার স্বাস্থ্য অধিদপ্তর এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে। এতে বলা হয়েছে, দেশের আট বিভাগে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন ৮৩৯ জন। এর ফলে, গত পহেলা জানুয়ারি থেকে হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২৮ হাজার ৯২৯ জনে। গত ২৪ ঘণ্টায় যে পাঁচজন মারা গেছেন, তাদের মধ্যে চারজনই ঢাকা বিভাগের। বাকি একজন ময়মনসিংহ বিভাগের রোগী। আর এই বছরের পহেলা জানুয়ারি থেকে এখন পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মোট ৮২ জন মারা গেছেন।

(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## ডিলারের গুদাম ভেঙ্গে সার নিলেন কৃষকরা, 'মব সৃষ্টির' অভিযোগ কৃষি কর্মকর্তার

কুড়িগ্রামের ভুরুঙ্গামারীতে একজন সার ডিলারের গুদাম ভেঙ্গে ১৯৭ বস্তা ইউরিয়া সার নিয়ে গেছেন কৃষকরা। এই ঘটনায় জিডি করেছে পুলিশ। রোববার ওই উপজেলার দুই নম্বর ইউনিয়নের ধলডাঙ্গা বাজারে এই ঘটনা ঘটেছে। তবে, ওই ঘটনার পর থেকে এখন পর্যন্ত ৭০ বস্তা সার উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছেন উপজেলা কৃষি অফিসার আব্দুল জব্বার। ঠিক কী কারণে এমন ঘটনা ঘটেছে- এমন প্রশ্নে উপজেলা কৃষি অফিসার ও পুলিশ দুইজন ভিন্ন বক্তব্য দিয়েছেন। ইউরিয়া সারের কোনো সঙ্কট নেই, কৃষি কর্মকর্তা মি. জব্বার এমন দাবি করলেও সেটি নাকচ করে দেন ভুরুঙ্গামারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আজিম উদ্দিন। ভুরুঙ্গামারী থানার ওসি মি. উদ্দিন দাবি করেন, চাহিদার চেয়ে অনেক কম ছিল সার। মি. উদ্দিন বলেন, "আমার দুই নম্বর ইউনিয়নের ধলডাঙ্গা বাজারে আজকে সার দেওয়ার কথা ছিল, ওরা প্রস্তুতি নিছে। ওই এলাকাটা নদী এলাকা, এই এলাকাটাতে যথেষ্ট সারের চাহিদা রয়েছে।„ এই পুলিশ কর্মকর্তা জানান, যে পরিমাণ সার রোববার বিতরণ করার কথা ছিল, তার চাইতে চারগুণ বেশি কৃষক পৌঁছেছিল সেখানে। "কৃষক মনে করছে, কে পাবে, কে পাবে না, যখন বিতরণের জন্য দরজা খুলছে, ব্যস যে যার মতো হুড়োহুড়ি করে ঢুকে নিয়ে নিছে,„ বলেন ভুরুঙ্গামারী থানার ওসি মি. উদ্দিন। "চাহিদা ছিল চার হাজার বস্তা, সরবরাহ হলো এক হাজার ৩২০ বস্তা (৫০ কেজির বস্তা)। প্রায় ওয়ান ফোর্থ প্রায়,„ বলেন ওসি আজিম উদ্দিন। এই ঘটনায় সংশ্লিষ্ট ডিলার এখন পর্যন্ত কোনো মামলা করেনি, তবে পুলিশ একটি সাধারণ ডায়েরি বা জিডি দায়ের করেছে। অন্যদিকে, উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল জব্বারের দাবি, তার দায়িত্বে থাকা এই ইউনিয়নে ইউরিয়া সারের কোনো সংকট ছিল না বরং `মব সৃষ্টির উদ্দেশ্যে, এই ঘটনা ঘটানো হয়েছে। "ইউরিয়া সারের সংকট নেই কোনো। ওই ইউনিয়নে ৬৮ মেট্রিক টন বরাদ্দ ছিল। নিয়মিত উত্তোলন হচ্ছে, বিতরণ হচ্ছে সরকারি মূল্যে। সর্বশেষ উত্তোলন ছিল

১৭ মেট্রিক টন মানে ৩৪০ বস্তা, আজকে আমাদের বিতরণের প্ল্যান ছিল,„ বলেন কৃষি কর্মকর্তা। তবে, এরকম বিশৃঙ্খলা হবে, তা আগে থেকে আশঙ্কা করে সেখানে চারজন পুলিশ সদস্য মোতায়েন করা হয়েছিল বলে দাবি করেন তিনি। কিন্তু যে পরিমাণ সার বিতরণ করার কথা ছিল, তার থেকে অনেক বেশি প্রায় সাতশো থেকে আটশো কৃষক ছিল বলে জানান তিনি। মি. জব্বার বলেন, ”ওদের টার্গেট একচুয়েলি কী আমি বুঝতেছি না যে, মব করার টার্গেট কী না, না হলে তো এতগুলো লোক থাকার কথা না। কারণ অলরেডি ৫০ মেট্রিক টন সার নিয়ে আসছে এবং বিতরণ করছি। একটা পর্যায়ে তারা গুদাম ভেঙ্গে সার নিয়ে গেছে।„ সারের সংকট না থাকলে কেন আগে থেকেই বিশৃঙ্খলার শঙ্কা করা হয়েছে ও কৃষকদের সার না পাওয়ার অভিযোগের প্রশ্নে এই কৃষি কর্মকর্তা দাবি করেন, সারের কোনো সংকট নেই। ”এখানে অনেকেই আছে যে, কৃষকরা তিন মাস পরে যে সার ব্যবহার করবেন, সেটিও আগেই নিয়ে সংরক্ষণ করে রেখে দেন,„ বলেন কৃষি কর্মকর্তা আব্দুল জব্বার। (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## গত ২৪ ঘণ্টায় আটশোর বেশি নতুন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি

গত ২৪ ঘণ্টায় দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৮৩৯ জন। একই সময়ে মারা গেছেন পাঁচজন। রোববার স্বাস্থ্য অধিদপ্তর এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে। এতে বলা হয়েছে, দেশের আট বিভাগে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন ৮৩৯ জন। এর ফলে গত পহেলা জানুয়ারি থেকে হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২৮ হাজার ৯২৯ জনে। গত ২৪ ঘণ্টায় যে পাঁচজন মারা গেছেন, তাদের মধ্যে চারজনই ঢাকা বিভাগের। বাকি একজন ময়মনসিংহ বিভাগের রোগী। আর এই বছরের পহেলা জানুয়ারি থেকে এখন পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মোট ৮২ জন মারা গেছেন।(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## বঙ্গোপসাগরে লঘুচাপ, ঝড়ো হাওয়ার পূর্বাভাস, বন্দরে তিন নম্বর সতর্ক সংকেত

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের কারণে বাংলাদেশের উপকূলীয় এলাকার ওপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। চারটি সমুদ্র বন্দরে তিন নম্বর সতর্ক সংকেত দেখাতে নির্দেশ দেওয়া হয়েছে। আবহাওয়াবিদ মো. তরিফুল নেওয়াজ কবিরের স্বাক্ষরিত এক সতর্কবার্তায় এই তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও এই সংলগ্ন উপকূলীয় এলাকায় একটি লঘুচাপ তৈরি হয়েছে। এর প্রভাবে সমুদ্র বন্দরগুলো, উত্তর বঙ্গোপসাগর এবং এ সংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার ওপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। একইসঙ্গে, চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা এবং পায়রা সমুদ্র বন্দরকে তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে নির্দেশ দিয়েছে আবহাওয়া অধিদপ্তর।(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## মন্ত্রী-প্রতিমন্ত্রীর সঙ্গে উপদেষ্টা, সরকারের আকার বাড়লে ঝুঁকি আছে?

সরকার গঠনের ছয় মাসের মাথায় মন্ত্রিসভার আকার আরো বড়ো করলো তারেক রহমানের নেতৃত্বাধীন বিএনপি সরকার। শুক্রবার রাষ্ট্রপতি হিসেবে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের শপথের দিন নতুন করে মন্ত্রিসভায় যুক্ত হয়েছে আরো পাঁচজন নতুন সদস্য। নতুন সদস্য যুক্ত হওয়ার পর বর্তমানে সরকারের মন্ত্রিসভার আকার বেড়ে দাঁড়িয়েছে ৫১ জনে। এর মধ্যে প্রধানমন্ত্রী ছাড়া পূর্ণমন্ত্রী রয়েছেন ২৬ জন ও প্রতিমন্ত্রী ২৪ জন। এছাড়াও মন্ত্রী ও প্রতিমন্ত্রীর পদমর্যাদায় প্রধানমন্ত্রীর উপদেষ্টা হিসেবে রয়েছেন ১০ জন। আর প্রতিমন্ত্রী ও সচিব পদমর্যাদায় বিশেষ সহকারী হিসেবে রয়েছে আরো সাতজন। এর আগে, গত ফেব্রুয়ারিতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জনের পর ছোটো আকারের সরকার গঠনের ইঙ্গিত দেওয়া হয়েছিল। তবে ছয় মাস পরে সরকারের আকার আরো বেড়েছে। গত ২২ আগস্ট সর্বশেষ মন্ত্রিসভায় রদবদলের পর দেখা গেছে, বড়ো বড়ো কোনো মন্ত্রণালয়ের দায়িত্বে রয়েছেন একজন মাত্র মন্ত্রী। আবার কোনো কোনো ছোটো মন্ত্রণালয়ে মন্ত্রী-প্রতিমন্ত্রী ছাড়াও প্রধানমন্ত্রীর উপদেষ্টারাও রয়েছেন দায়িত্বে। যে কারণে নতুন করে রদবদলের পর মন্ত্রিসভার সমন্বয় ও ভারসাম্য প্রতিষ্ঠা নিয়ে প্রশ্নও উঠেছে। রাজনীতি ও জনপ্রশাসন বিশেষজ্ঞরা, এই বিষয়টিকে 'জিগসো পাজল' বা জটিল সমন্বয় চ্যালেঞ্জ হিসেবেই ব্যাখ্যা করছেন। যদিও বর্তমান বিএনপি সরকার তা মনে করছে না। বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী বিবিসি বাংলাকে বলেছেন, প্রশাসনের কাজের গতিশীলতা বাড়াতেই মন্ত্রিসভার আকার বাড়ানো হয়েছে। তবে বাংলাদেশে সংসদীয় গণতন্ত্র প্রতিষ্ঠার পর এটিই সবচেয়ে বড়ো মন্ত্রিসভা নয়। এর আগে, ২০১৪-২০১৮ পর্যন্ত ৬১ মন্ত্রী-প্রতিমন্ত্রী ছিলেন শেখ হাসিনার দ্বিতীয় মেয়াদের মন্ত্রিসভায়। ২০০১-২০০৬ মেয়াদে খালেদা জিয়ার মন্ত্রিসভার আকারও ছিল এর চেয়ে বড়ো।

### মন্ত্রী-প্রতিমন্ত্রীর বাইরেও আছে উপদেষ্টা

রদবদলের পর বর্তমানে তারেক রহমানের ৫১ সদস্যের মন্ত্রিসভায় প্রধানমন্ত্রী বাদে পূর্ণ মন্ত্রী রয়েছে ২৬ জন। আর প্রতিমন্ত্রী রয়েছেন ২৪ জন। এর বাইরে পূর্ণ মন্ত্রীর মর্যাদায় ছয়জন উপদেষ্টা এবং প্রতিমন্ত্রীর পদমর্যাদায় উপদেষ্টা রয়েছেন চারজন। বিএনপির স্থায়ী কমিটির সদস্য মীর্জা আব্বাস দীর্ঘদিন অসুস্থ অবস্থায় রয়েছেন। তবে তিনি আছেন

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা পদে। মন্ত্রী পদমর্যাদার উপদেষ্টাদের মধ্যে নজরুল ইসলাম খান কৃষি এবং রুহুল কবির রিজভী শিল্প মন্ত্রণালয়ের দায়িত্বে আছেন। রাশেদ আল মাহমুদ তিতুমীর অর্থ ও পরিকল্পনা এবং ইসমাইল জবিউল্লাহ জনপ্রশাসনের দায়িত্বে রয়েছেন। এর বাইরে তথ্য মন্ত্রণালয় থেকে সরিয়ে পূর্ণ মন্ত্রীর পদমর্যাদায় জহির উদ্দিন স্বপনকে করা হয়েছে প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টাও। অন্যদিকে, প্রতিমন্ত্রীর পদমর্যাদায় প্রধানমন্ত্রীর একেএম শাসছুল ইসলাম প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং সশস্ত্র বাহিনী বিভাগের দায়িত্বে রয়েছেন। একই পদমর্যাদায় জাহেদ উর রহমান তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মাহদী আমিন শিক্ষা, প্রাথমিক-গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বেও রয়েছেন। আর প্রধানমন্ত্রীর উপদেষ্টা হিসেবে রেহান আসিফ আসাদ আছেন ডাক, টেলিযোগাযোগ, তথ্যপ্রযুক্তি ও বিজ্ঞান মন্ত্রণালয়ের দায়িত্বে। তথ্য মন্ত্রণালয়ের একজন পূর্ণমন্ত্রী, একজন প্রতিমন্ত্রী ছাড়াও প্রধানমন্ত্রীর একজন উপদেষ্টা রয়েছেন। একইভাবে পররাষ্ট্র মন্ত্রণালয়ে একজন পূর্ণাঙ্গ মন্ত্রীর বাইরে প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়েছে দুইজনকে। প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ে একজন পূর্ণাঙ্গমন্ত্রী, একজন প্রতিমন্ত্রীর বাইরেও একই পদমর্যাদায় একজন উপদেষ্টা রয়েছেন। মন্ত্রী/প্রতিমন্ত্রী পদমর্যাদার কোনো কোনো উপদেষ্টাকে আবার একাধিক মন্ত্রণালয়ের দায়িত্বও দেওয়া হয়েছে। টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বিবিসি বাংলাকে বলেন, "একই মন্ত্রণালয়ে যখন মন্ত্রী প্রতিমন্ত্রী এবং উপদেষ্টা থাকেন, তখন সমন্বয়হীনতার তৈরি হয় কিংবা জটিলতা আরো বাড়ার ঝুঁকি তৈরি হয়।„ একদিকে, কোনো কোনো মন্ত্রণালয়ের দায়িত্বে মন্ত্রী-প্রতিমন্ত্রী কিংবা প্রধানমন্ত্রীর উপদেষ্টারাও যখন রয়েছে। তার বিপরীতে বড়ো বড়ো কোনো মন্ত্রণালয়ের দায়িত্ব মাত্র একজন মন্ত্রীর হাতেও। এই যেমন সরকারের গুরুত্বপূর্ণ দুইটি মন্ত্রণালয় স্বরাষ্ট্র ও আইন মন্ত্রণালয়। এই দুইটি মন্ত্রণালয় সামলাচ্ছেন দুইজন মন্ত্রী সালাহউদ্দিন আহমদ ও মো. আসাদুজ্জামান। সেখানে নেই কোনো প্রতিমন্ত্রী কিংবা উপদেষ্টাও। আবার সড়ক পরিবহণ, নৌ ও রেলপথ মন্ত্রণালয়ের মতো তিনটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের দায়িত্বে রয়েছেন একজন মন্ত্রী ও দুইজন প্রতিমন্ত্রী। এসব মন্ত্রণালয়ের দায়িত্বে দেওয়া হয়নি কোনো উপদেষ্টাকে। প্রধানমন্ত্রীর উপদেষ্টা রুহুল কবির রিজভী বিবিসি বাংলাকে বলেন, "মন্ত্রী-প্রতিমন্ত্রী কিংবা উপদেষ্টারা তো দায়িত্বে থাকতেই পারেন। এটা তো অসাংবিধানিক না। কাজের গতিশীলতা বাড়ানোর জন্যই এটা করা হয়েছে।„

**সরকারের আকার বাড়লে ঝুঁকি আছে?**

বিএনপি সরকার দায়িত্ব নেওয়ার পর গত ছয় মাসে বিদ্যুৎ, জ্বালানি, আইন-শৃঙ্খলা পরিস্থিতি কিংবা দ্রব্যমূল্যসহ নানা সংকটের মুখোমুখি হতে হয়েছে বর্তমান সরকারকে। বিশেষ করে বিদ্যুৎ ও জ্বালানি খাত, আইন-শৃঙ্খলা, শিক্ষা কিংবা অর্থনৈতিক প্রতিষ্ঠানগুলো নিয়েও এই কয়েকমাসে নানা বিতর্ক উঠেছে। এমন পরিস্থিতিতে মন্ত্রিসভায় রদবদল করা হলেও যে-সব মন্ত্রণালয়ের দায়িত্ব নিয়ে প্রশ্ন উঠেছিল, সেগুলোতে কোনও পরিবর্তন আনা হয়নি। বরং যে-সব মন্ত্রণালয় নিয়ে জনপরিসরে তেমন বড়ো কোনো সমালোচনা ছিল না- এমন দুয়েকটি মন্ত্রণালয়ে রদবদল করা হয়েছে। এমন অবস্থায় মন্ত্রিসভার আকার বাড়ানো হলে তা সরকারের জন্য কতখানিক কাজে দেবে, তা নিয়ে দুই ধরনের বক্তব্য পাওয়া গেছে বিশ্লেষকদের কাছ থেকে। সাবেক সচিব আব্দুল আউয়াল মজুমদার মনে করেন, বর্তমান সরকারের মন্ত্রিসভার আকার কিছুটা বড়ো হলেও এতে আরো কাজে গতি বাড়বে। তিনি বিবিসি বাংলাকে বলেন, "দীর্ঘদিন পর বিএনপি ক্ষমতায় এসেছে। আগের মন্ত্রিসভায় যারা ছিল, তাদের অনেকেই অভিজ্ঞতা সম্পন্ন ছিল। এখন যারা আছেন, তাদের অনেকেই নতুন দায়িত্বে এসেছে। সুতরাং কাজ ভাগাভাগি করে করার জন্য এই মন্ত্রিসভার আকারকে খুব একটা বড়ো বলা যাবে না।„ শুধু মন্ত্রী, প্রতিমন্ত্রী কিংবা প্রধানমন্ত্রীর উপদেষ্টা না। বিভিন্ন বিবেচনায় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী কিংবা সহকারী হিসেবে দায়িত্ব পালন করছেন অন্তত সাতজন। তাদের কেউ কেউ প্রতিমন্ত্রী আবার কেউ কেউ সচিব পদমর্যাদায় দায়িত্বও পালন করছেন। সাবেক আমলা ও জনপ্রশাসন বিশেষজ্ঞ মোহাম্মদ ফিরোজ মিয়া বিবিসি বাংলাকে বলেন, "একটি মন্ত্রণালয়ে মন্ত্রী প্রতিমন্ত্রী থাকার পর আবার উপদেষ্টার বা বিশেষ সহকারী কতখানি দরকার, সেটা গুরুত্বপূর্ণ প্রশ্ন। রাজনৈতিক কারণে অনেক সময় হয়ত অনেককে দায়িত্ব দিতে হয়। তবে এক্ষেত্রে একজন অভিজ্ঞতা সম্পন্ন লোক হলে সমন্বয় নিয়ে যেমন সংকট হয় না, তেমনি মন্ত্রণালয়ের সিদ্ধান্তগুলোও দ্রুত নেওয়া যায়।„ তার মতে, মাথা ভারী প্রশাসন কাজের গতি বাড়ানোর পরিবর্তে অনেক সংকট বাড়াতে পারে। যে কারণে বড়ো মন্ত্রণালয়ের ক্ষেত্রে মন্ত্রীর পাশাপাশি একজন প্রতিমন্ত্রী এবং ছোটো মন্ত্রণালয়ের ক্ষেত্রে একজন মন্ত্রী থাকলে সেটি কাজের গতি আরো বাড়তো বলেও মনে করেন তিনি। টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান অবশ্য এই অবস্থাকে ব্যাখ্যা করেছেন জিগসো পাজল বা বহুমাত্রিক চ্যালেঞ্জ হিসেবে। তিনি বলছিলেন, !এখন যেভাবে সরকার কাঠামো তৈরি হলো এখন এটিকে যদি একটি চিত্র হিসেবে ভাবা হয়, এটা একটা জিগসো পাজলের মতো। এই কাঠামো ম্যানেজ করা সরকারের জন্য নানামুখী চ্যালেঞ্জ বলেই আমি মনে করি।„

**মন্ত্রিসভার আকার এখন কেমন?**

১২ ফেব্রুয়ারির নির্বাচনের পর গত ১৭ ফেব্রুয়ারি সরকার গঠন করে তারেক রহমানের নেতৃত্বাধীন বিএনপি সরকার। ১৭ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রীসহ শপথ নেন ২৬ জন পূর্ণমন্ত্রী, আর প্রতিমন্ত্রী ছিলেন ২৪ জন। এরপর জাতীয় সংসদের

অধিবেশন শুরু হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী হাফিজ উদ্দিন আহমদকে স্পিকার করা হয় আর ডেপুটি স্পিকার করা হয় ভূমি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী কায়সার কামালকে। ওই দুইজন স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচিত হওয়ার পর নতুন করে আহমদ আজম খানকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী করা হয়। আর পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ হেলাল উদ্দিনকে অতিরিক্ত দায়িত্ব হিসেবে ভূমি মন্ত্রণালয়েরও প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়। সরকার গঠনের প্রায় চার মাসের মাথায় গত জুনে পদত্যাগ করেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রী দীপেন দেওয়ান। তবে সে সময়ে এই মন্ত্রণালয়ের পূর্ণমন্ত্রীর দায়িত্ব কাউকে দেওয়া হয়নি। পরে গত ২১ আগস্ট পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের পূর্ণ মন্ত্রীর দায়িত্ব দেওয়া হয় বান্দরবানের সংসদ সদস্য সাচিং প্রু জেরীকে। রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় মির্জা ফখরুল ইসলাম আলমগীরের স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পদটিও শূন্য হয়। তার স্থলে ওই মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও সাবেক মন্ত্রী আব্দুল মঈন খান। বিএনপির জোটসঙ্গী বাংলাদেশ জাতীয় পার্টি বা বিজেপির আন্দালিভ রহমান পার্থ শুরুতে মন্ত্রিসভায় জায়গা না পেলেও শুক্রবার তিনি পূর্ণ মন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর তাকে দায়িত্ব দেওয়া হয়েছে তথ্য মন্ত্রণালয়ের। অন্যদিকে, শুরু থেকে তথ্যমন্ত্রীর দায়িত্বে থাকা জহির উদ্দিন স্বপনকে করা হয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের রাজনৈতিক উপদেষ্টা। তারেক রহমানের মন্ত্রিসভায় শুরু থেকেই বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্বে ছিলেন রাশিদুজ্জামান মিল্লাত। শুক্রবার তাকে পূর্ণমন্ত্রী হিসেবে শপথ পড়ান নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মি. মিল্লাত মন্ত্রী হিসেবে শপথ নেওয়ায় বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ে মন্ত্রী আফরোজা খানমকে সরিয়ে দেওয়া হয়েছে খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্বে। এছাড়া, নতুন করে ধর্ম মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে গাইবান্ধার সংসদ সদস্য মোহাম্মদ শামীম কায়সার লিংকনকে। অন্যদিকে, সরকারের প্রথম ছয়মাস হুমায়ুন কবির ছিলেন প্রতিমন্ত্রীর পদ মর্যাদায় প্রধানমন্ত্রীর উপদেষ্টা। রোববার তাকে প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেন, দায়িত্ব পেয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হিসেবে। বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী বিবিসি বাংলাকে বলেন, "যারা বিভিন্ন ক্ষেত্রে আগে থেকেই যোগ্য ছিলেন, তাদেরকেই মন্ত্রিসভায় যুক্ত করা হয়েছে। মন্ত্রিসভার আকার বাড়ানো হয়েছে প্রয়োজনের স্বার্থে, সরকারকে আরো সচল আরো গতিশীল করার জন্য।„ (বিবিসি ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## পররাষ্ট্র মন্ত্রণালয়ের দুই প্রতিমন্ত্রীর মধ্যে দায়িত্ব বণ্টন

বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের দুই প্রতিমন্ত্রী হুমায়ুন কবির এবং শামা ওবায়েদ ইসলামের মধ্যে দায়িত্ব বণ্টন করে দেওয়া হয়েছে। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। এই বিজ্ঞপ্তিতে হুমায়ুন কবিরকে প্রতিমন্ত্রী-১ এবং শামা ওবায়েদ ইসলামকে প্রতিমন্ত্রী-২ হিসেবে উল্লেখ করে বলা হয়েছে, তারা পররাষ্ট্রমন্ত্রীকে বিভিন্ন কাজে সহায়তা করবেন। একইসঙ্গে, দুই প্রতিমন্ত্রীর কাজের ক্ষেত্রও ভাগ করে দেওয়া হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বিষয়, অনিবাসী বাংলাদেশি এবং পররাষ্ট্রমন্ত্রীর নির্ধারণ করে দেওয়া অন্য যে-কোনো বিষয়ে দায়িত্ব পালন করবেন হুমায়ুন কবির, প্রতিমন্ত্রী-১। এছাড়া শামা ওবায়েদ প্রতিমন্ত্রী-২, পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, মানবাধিকার, গবেষণা এবং উদ্ভাবন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন, সৃজনশীল অর্থনীতি, এলডিসি উত্তরণ, আইসিটি, সমুদ্র আইন ও সমুদ্র সম্পদ, বিশ্ব স্বাস্থ্য কূটনীতি, সাংস্কৃতিক ও ক্রীড়া কূটনীতির বিষয়ে দায়িত্ব পালন করবেন। প্রধানমন্ত্রীর অনুমোদনে দুই প্রতিমন্ত্রীর মধ্যে এই দায়িত্ব বণ্টন করে একটি পরিপত্রও জারি করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়।(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## আমেরিকার `অর্থনৈতিক যুদ্ধে, যোগ দেওয়া দেশগুলোকে ইরান শত্রু হিসেবে বিবেচনা করবে

যে-সব দেশ যুক্তরাষ্ট্রের 'অর্থনৈতিক যুদ্ধে' অংশ নেবে, ইরান তাদের শত্রু হিসেবে গণ্য করবে বলে সতর্ক করেছেন দেশটির সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের সেক্রেটারি মোহসেন রেজাই। এর আগে, ইরান ওই অঞ্চলের যে-সব দেশে মার্কিন সামরিক ঘাঁটি রয়েছে, সেগুলোকে লক্ষ্যবস্তু বানিয়েছিল। বর্তমানে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যকার আলোচনা স্থগিত রয়েছে। তবে শুক্রবার ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেন, গত ছয় মাসের এই বিরোধ অবসানের সময় এসেছে। উল্লেখ্য, যুক্তরাষ্ট্র ইরানের ওপর কঠোর অর্থনৈতিক নিষেধাজ্ঞা ঘোষণা করেছে এবং অন্যান্য দেশগুলোকেও ইরানের সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক শেষ করার আহ্বান জানিয়েছে। ইরানের ওপর যুক্তরাষ্ট্রের অহেতুক হামলার পর দেশগুলোর মধ্যে পারমাণবিক বোমা অর্জনের `আকাঙ্ক্ষা বেড়েছে।, মোহসেন রেজায়ি বলেন, আন্তর্জাতিক নিয়ম-কানুন মেনে চলার পরও যদি কোনো দেশে হামলা প্রতিরোধ করা না যায়, তাহলে "আমরা কেন পারমাণবিক বোমা অর্জন করব না?„ তিনি মনে করেন, ইরানের ওপর যুক্তরাষ্ট্রের হামলার কারণে কিছু দেশ এই সিদ্ধান্তে পৌঁছেছে যে, পারমাণবিক অস্ত্র অর্জন করাটাই আরো ভালো প্রতিরক্ষামূলক প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলতে পারে। তারা দাবি করেন, ইরান যখন পারমাণবিক অসংযোজন চুক্তি বা নিউক্লিয়ার নন-প্রোলিফেরেশান ট্রিটির সদস্য ছিল এবং আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার সঙ্গে ব্যাপকভাবে সহযোগিতা করছিল, তখনই ইরানকে লক্ষ্যবস্তু বানানো হয়েছিল। তিনি বলেন, এখন পুরো বিশ্ব বলছে, এনপিটি বা পরমাণু শক্তি সংস্থার সদস্যপদ, কোনোটিই কার্যকর নয়।

এর ফলে বিভিন্ন দেশের মধ্যে পারমাণবিক বোমা অর্জনের `আকাঙ্ক্ষা, বেড়ে গেছে। ইরানের সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের সচিব মোহসেন রেজাই তার সাক্ষাৎকারে হরমুজ প্রণালি নিয়েও সতর্কবার্তা দেন। তিনি বলেন, যদি কোনো দেশ ইরানের বিরুদ্ধে তথাকথিত "অর্থনৈতিক যুদ্ধে„ লিপ্ত হয়, তবে ইরান হরমুজ প্রণালি এবং পারস্য উপসাগর থেকে "এক ফোঁটা তেলও„ বের হতে দেবে না। তিনি আরো বলেন, ইরান তার যুদ্ধকৌশল এবং কূটনৈতিক আচরণে পরিবর্তন আনবে। দেশটির এই কর্মকর্তার দাবি, সামরিক হামলায় ব্যর্থ হওয়ার পর যুক্তরাষ্ট্র এখন অবরোধ ও অর্থনৈতিক চাপের মাধ্যমে পরিস্থিতি নিজেদের অনুকূলে আনার চেষ্টা করছে।
(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## আলোচনা পুনরায় শুরু ও উত্তেজনা কমাতে ওমান ও মিসরের পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গে আলোচনা ইরানের

আঞ্চলিক পরিস্থিতি এবং উত্তেজনা কমানোর চেষ্টায় ওমান এবং মিসরের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। পৃথক দুইটি টেলিফোন কলে মি. আরাঘচি তাদের সঙ্গে কথা বলেছেন। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, মি. আরাঘচি ওমানের পররাষ্ট্রমন্ত্রী বদর বুসাইদির সঙ্গে "আলোচনা পুনরায় শুরুর উপযুক্ত পরিস্থিত"এবং হরমুজ প্রণালিতে নৌ-চলাচলের বিষয় নিয়েও কথা বলেছেন। ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে আলোচনায় ওমান প্রধান মধ্যস্থতাকারী দেশ হিসেবে কাজ করেছে সাম্প্রতিক দেশগুলোতে। বর্তমানে দুই দেশের মধ্যকার সংলাপ স্থগিত রয়েছে। মিসরীয় পররাষ্ট্রমন্ত্রী বদর আবদেল আতির সঙ্গে টেলিফোন আলাপে ইরানের পররাষ্ট্রমন্ত্রী মি. আরাঘচি, পারস্য উপসাগর ও লোহিত সাগরের পরিস্থিতি এবং এই অঞ্চলে উত্তেজনা কমানোর সর্বশেষ কূটনৈতিক চেষ্টা নিয়ে আলোচনা করেন। ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান "যুদ্ধও নয়, শান্তিও নয়„- এমন পরিস্থিতির নিরসনের প্রতি জোর দেন। ইরানের প্রেসিডেন্ট সমস্যা সমাধানের জন্য "শক্তি দিয়ে হলেও যুক্তি দিয়ে„ আলোচনা করা সম্ভব বলে উল্লেখ করার পরই এই ফোনালাপগুলো হলো।
(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ আলী আহমেদ)

## দক্ষিণ থাইল্যান্ডে সমন্বিত বহু অগ্নিসংযোগের ঘটনা

বিদ্রোহে বিধ্বস্ত থাইল্যান্ডের দক্ষিণাঞ্চলে অস্থিরতা সৃষ্টির লক্ষ্যে ৫০টিরও বেশি সমন্বিত অগ্নিসংযোগ এবং হামলা চালানো হয়েছে বলে জানিয়েছে দেশটির সামরিক বাহিনী। এসব হামলায় দুইজন আহত হয়েছেন। একটি স্থানীয় সরকারি কার্যালয়ের ভবন, একটি স্টোর এবং চুরি হওয়া একটি যানবাহন এই অগ্নিকাণ্ডের লক্ষ্যবস্তু ছিল। দেশটির সামরিক বাহিনীর ইন্টারনাল সিকিউরিটি অপারেশনস কমান্ড এক বিবৃতিতে জানিয়েছে, শনিবার স্থানীয় সময় রাত আটটা থেকে মধ্যরাত পর্যন্ত দক্ষিণ সীমান্ত প্রদেশগুলোতে এই অগ্নিসংযোগের ঘটনাগুলো ঘটে। নারাথিওয়াত প্রদেশ থেকে অধিকাংশ হামলার খবরগুলো পাওয়া গেছে। এছাড়া বাকিগুলো পার্শ্ববর্তী ইয়ালা ও পাত্তানি প্রদেশে ঘটেছে। দেশটির সংবাদ মাধ্যম ব্যাংকক পোস্টের খবর অনুযায়ী, নারাথিওয়াত প্রদেশের মুয়াং জেলায় একটি বোমা বিস্ফোরণে দুইজন নারী আহত হয়েছেন। বেশ কয়েকটি স্থানে টেলিযোগাযোগ টাওয়ারে আগুন ধরিয়ে দেওয়া হয়েছে এবং জনগণকে সন্দেহজনক কোনো বস্তু স্পর্শ না করার জন্য সতর্ক করেছেন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা। নারাথিওয়াত প্রদেশে রাতভর কারফিউ জারি করেছিল সেখানকার কর্তৃপক্ষ। রোববার সকালে কারফিউ তুলে নেওয়া হয়েছে। একইসঙ্গে, নতুন করে কোনো হামলার খবর পাওয়া যায়নি রোববার। এখন পর্যন্ত কোন গ্রুপও এসব অগ্নিসংযোগের ঘটনার দায় স্বীকার করেনি। ২০০৪ সাল থেকে বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠ থাইল্যান্ডের দক্ষিণ প্রদেশগুলোতে হালকা ধরনের সংঘাত বিরাজ করছে। সেখানে পূর্ণাঙ্গ স্বায়ত্তশাসনের জন্য মুসলিম সংখ্যাগরিষ্ঠ অঞ্চলের বিদ্রোহীরা লড়াই করছে। এই সহিংসতায় এখন পর্যন্ত সাত হাজারেরও বেশি মানুষ নিহত হয়েছেন। এই বিদ্রোহের প্রধান নেতৃত্ব দিচ্ছেন বারিসান রেভোলুসি নাসিওনাল।(বিবিসি ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## মুসলিম বিশ্বকে ঐক্যবদ্ধ করতে ইরানের ভূমিকার প্রশংসায় রুশ প্রধান মুফতি

রাশিয়ার মুফতি পরিষদ ও দেশটির মুসলিম ধর্মীয় প্রশাসনের প্রধান শেখ রাভিল আইনুদ্দিন মুসলিম উম্মাহর ঐক্য ও সংহতি প্রতিষ্ঠায় তেহরানের গৃহীত পদক্ষেপগুলোর প্রশংসা করেছেন। ইরনার বরাত দিয়ে পার্সটুডে জানিয়েছে, রাশিয়ার মুফতি পরিষদ ও মুসলিম ধর্মীয় প্রশাসনের প্রধান শেখ রাভিল আইনুদ্দিন শনিবার মস্কোতে ইরানের ইসলামী প্রজাতন্ত্রের রাষ্ট্রদূত কাজেম জালালির সঙ্গে এক বৈঠকে ইসলামী মাজহাবগুলোর মধ্যে ঐক্য প্রতিষ্ঠার লক্ষ্যে `ইসলামী মাজহাবসমূহের নৈকট্য বিষয়ক বিশ্ব ফোরাম, গঠনের উদ্যোগকে মূল্যবান বলে উল্লেখ করেন। তিনি সাম্প্রতিক আঞ্চলিক ঘটনাবলির প্রসঙ্গ তুলে ধরে আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে ইরানের জনগণ ও সশস্ত্র বাহিনীর বিজয় এবং সাহসিকতার প্রশংসা করেন।

মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর শুভ জন্মবার্ষিকী ও ঐক্য সপ্তাহ উপলক্ষ্যে অনুষ্ঠিত এ বৈঠকে রাশিয়ার প্রধান মুফতি বলেন, ইরানি জাতির প্রতিরোধ, দৃঢ়তা ও গৌরবময় বিজয় শুধু মুসলমানদের জন্য শিক্ষণীয় নয়, বরং বিশ্বের জন্যও

একটি বার্তা বহন করে প্রতিরোধ ও দৃঢ়তার মাধ্যমে আধিপত্যবাদী শক্তিকে নতজানু করা সম্ভব। আইনুদ্দিন এসব সাফল্যের পেছনে ইরানি জাতির ঐক্য ও সংহতি এবং ইসলামী বিপ্লবের নেতৃত্বের ভূমিকার কথা উল্লেখ করেন। তিনি আরও বলেন, রাশিয়ার মুফতি পরিষদের সঙ্গে ইরানের ধর্মীয় ও বৈজ্ঞানিক প্রতিষ্ঠান এবং মাজহাবগুলোর মধ্যে ঐক্য প্রতিষ্ঠায় সক্রিয় বিশিষ্ট ব্যক্তিত্বদের ঐতিহ্যবাহী ও ঐতিহাসিক সম্পর্ক আরও জোরদার করা উচিত। এ ক্ষেত্রে ইরানের দূতাবাসের অব্যাহত সহযোগিতারও তিনি প্রশংসা করেন।(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ নারগীস)

## পাকিস্তানের সেনাপ্রধান ইরান সফরে আসছেন

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমায়িল বাকায়ি পাকিস্তানের সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনিরের তেহরান সফরের কথা জানিয়েছেন। সাংবাদিকদের সঙ্গে আলাপকালে পাকিস্তানের সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনিরের তেহরান সফরের কথা জানান তিনি। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্রের মতে, ফিল্ড মার্শাল আসিম মুনির আগামী সোমবার একটি সরকারি প্রতিনিধি দলের নেতৃত্বে তেহরান সফর করবেন। তিনি জানান, ইরান-পাকিস্তানের দ্বিপক্ষীয় সহযোগিতা জোরদার করার পাশাপাশি আঞ্চলিক শান্তি ও নিরাপত্তা সুসংহত করতে পাকিস্তানের `সদিচ্ছাপূর্ণ প্রচেষ্টা, অব্যাহত রাখার অংশ হিসেবেই এই সফর অনুষ্ঠিত হচ্ছে। সফরকালে আসিম মুনির ইরানের পদস্থ কর্মকর্তাদের সঙ্গে সাক্ষাৎ ও বৈঠক করবেন।(রেডিও তেহরান ওয়েব পেজ : ২৩.০৮.২০২৬ নারগীস)

# এনএইচকে

## মার্কিন নিষেধাজ্ঞার পর জাপানের সমর্থন চেয়েছেন আইসিসি প্রধান আকানে

আন্তর্জাতিক অপরাধ আদালত বা আইসিসির প্রেসিডেন্ট আকানে তোমোকো তার ওপর মার্কিন নিষেধাজ্ঞার পর সংস্থাটির অস্তিত্ব টিকিয়ে রাখতে জাপানের কাছে সমর্থন চেয়েছেন। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন `বিদ্বেষপূর্ণভাবে, ক্ষমতার অপব্যবহারের অভিযোগ এনে মঙ্গলবার আইসিসি প্রধানের ওপর নিষেধাজ্ঞা ঘোষণা করে। জাপানের নাগরিক আকানে শনিবার ফোনে এনএইচকে'কে একটি সাক্ষাৎকার দিয়েছেন। আকানে বলেন, তিনি কেবল আইসিসি'র বিচারক হিসেবে তার দায়িত্ব পালন করেছেন এবং তা র ওপর নিষেধাজ্ঞা আরোপের কোনো কারণ নেই। পরিস্থিতি ক্রমশ গুরুতর হচ্ছে উল্লেখ করে তিনি এই বলে সতর্ক করেন যে, শুধু বিচারকদের ওপর ব্যক্তি হিসেবেই নয়, খোদ আদালতের উ পরও নিষেধাজ্ঞা আরোপ করা হতে পারে। আকানে জাপানের জন্য আইসিসির গুরুত্বের ওপর জোর দিয়ে বলেন যে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সমাপ্তি থেকে শান্তিবাদি অবস্থান ও আইনের শাসন বজায় রাখার কারণেই দেশটি আন্তর্জাতিক সম্মান অর্জন করেছে। জাপানের ওপর তার নির্ভর করার কথা উল্লেখ করে তি নি বলেন, আইসিসি'র বিচারক নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য জাপান সরকারই তাকে মনোনীত করেছিল। আইসিসিকে সমর্থন বন্ধ না করা এবং এর ধারাবাহিক অস্তিত্ব নিশ্চিত করার জন্য আদালতকে সাহায্য অব্যাহত রাখতে সরকারকে অনুরোধ জানিয়েছেন তিনি। পাশাপাশি অন্যান্য দেশগুলোকে চাপের কাছে নতি স্বীকার করা থেকে বিরত রাখতে তাদের সাথে যোগাযোগ করার জন্যও জাপানের প্রতি আহ্বান জানিয়েছেন আকানে।

(এনএইচকে ওয়েব পেজ: ২৩.০৮.২০২৬ রুবাইয়া)

# ডয়চে ভেলে

## মাদক সেবনে বাধা দেওয়ায় বাংলাদেশের রংপুরে ৪ জনকে হত্যা : পুলিশ

বাংলাদেশের রংপুর মহানগরে অবসরপ্রাপ্ত স্কুলশিক্ষক গণপতি চক্রবর্তী, তার স্ত্রী প্রীতিলতা চক্রবর্তী ও দুই সন্তানকে হত্যার ঘটনায় দুইজনকে গ্রেফতার করেছে পুলিশ। বাড়ির ছাদে ইয়াবা সেবনের সময় ওই শিক্ষকের কাছে ধরা পড়ে যাওয়ার পর খুনিরা নির্মমভাবে ওই পরিবারের চারজনকে হত্যা করে বলে জানিয়েছে পুলিশ। হত্যা কাণ্ডের প্রধান সন্দেহভাজন হিসেবে গ্রে ফতার দু-জন হলেন মুগ্ধ দাস (২৩) ও সিদ্ধার্থ দাস (১৯)। সম্পর্কে তারা আত্মীয় এবং দু - জনেরই বাড়ি রংপুরের কোতোয়ালি থানার মাছুয়াপাড়া এলাকায়। রোববার ভোরে পুলিশ তাদেরকে গ্রে ফতার করে। এদিন রংপুর মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোহাম্মদ আব্দুল মাবুদ সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান। তিনি বলেন, গত বৃহস্পতিবার রাতে মুগ্ধ ও সিদ্ধার্থ প্রতিবেশীর বাড়ির ছাদ টপকে গণপতি চক্রবর্তীর বাড়ির ছাদে এসে ইয়াবা সেবন করছিল। পুলিশ কমিশনার জানান, মানুষের আনাগোনার শব্দ টের পেয়ে গণপতি চক্রবর্তী ছাদে গিয়ে দুই যুবককে দেখতে পান এবং তাদের উপস্থিতির কারণ জানতে চান। গ্রে ফতার হওয়া মুগ্ধ ও সিদ্ধার্থ ওই এলাকারই বাসিন্দা এবং তারা ওই শিক্ষককে 'স্যার' বলে ডাকত। ধরা পড়ে যাওয়ায় তারা তাৎক্ষণিকভাবে গলায় গামছা পেঁচিয়ে তাকে শ্বাসরোধে হত্যা করে। গণপতি নিজেকে বাঁচানোর চেষ্টা করলে সেখানে ধস্তাধস্তি ও গোঙানির শব্দ হয়। শব্দ শুনে তার স্ত্রী প্রীতিলতা চক্রবর্তী সিঁড়ি দিয়ে ছাদে ওঠার চেষ্টা করেন। খুনিরা তখন সিঁড়িতেই কাপড় পেঁচিয়ে তাকেও শ্বাসরোধে হত্যা করে। বাবা-মায়ের চিৎকারের শব্দে তাদের মেয়ে আগামী চক্রবর্তীও ঘর থেকে বেরিয়ে এলে তাকেও হত্যা করা হয়। পুলিশ কর্মকর্তা জানান, পঞ্চম শ্রেণির ছাত্র প্রিয়মকে হত্যাকারীরা চিনত। সিদ্ধার্থের ছোটো ভাই অপূর্বের সঙ্গে প্রিয়ম খেলাধুলা করত। খুনিরা বুঝতে পারে, প্রিয়ম বেঁচে থাকলে তাদের চিনে ফেলবে। তাই সিদ্ধার্থ ও

মুগ্ধ মিলে শিশুটিকে গলায় কাপড় পেঁচিয়ে শ্বাসরোধে হত্যা করে। মৃত্যু নিশ্চিত করতে শেষে তারা বালিশ চাপা দেয়। পুলিশ কমিশনার জানান, টানা চারটি খুনের পরও খুনিদের আচরণ ছিল স্বাভাবিক। হত্যাকাণ্ডের পর তারা প্রথমেই ফ্রিজ থেকে শসা বের করে খায়। এরপর ছোটো ছেলে প্রিয়মকে যে রুমে হত্যা করা হয়, সেই রুমের বাথরুমে গিয়ে প্রথমে সিদ্ধার্থ এবং পরে মুগ্ধ গোসল করে। গোসল শেষে তারা ডাইনিং টেবিলে বসে। সেখানে রাখা বয়াম থেকে খেজুর বের করে খায় এবং সঙ্গে থাকা ইয়াবা সেবন করে। পুলিশ কর্মকর্তা আরও জানান, তদন্তকে ভিন্ন খাতে প্রবাহিত করতে খুনিরা পুরো ঘটনাটিকে ডাকাতি হিসেবে সাজানোর চেষ্টা করে। তারা ঘরের জিনিসপত্র এলোমেলো করে ফেলে। যেহেতু সিদ্ধার্থ আট বছর ধরে পিকে পাল জুয়েলার্সে স্বর্ণের কারিগর হিসেবে কাজ করছে, তাই সে সহজেই আসল ও নকল স্বর্ণ চিনতে পারে। লুটপাটের সময় সে আগুন দিয়ে পুড়িয়ে একটি চুড়ির স্বর্ণ যাচাই করে। ফিঙ্গারপ্রিন্ট বা আঙুলের ছাপ যেন না পাওয়া যায়, সে জন্য তারা বাসা থেকে বের হওয়ার আগে ওই বাসার দুটি মোবাইল ফোন ডিটারজেন্ট মেশানো পানির বালতিতে ভিজিয়ে রাখে। বৃহস্পতিবার দিবাগত রাত থেকে শুক্রবার ভোর পর্যন্ত তারা এই কাজ করে। এরপর জুমার নামাজের সময়, যখন রাস্তাঘাট ফাঁকা থাকে, তখন তারা লুণ্ঠিত স্বর্ণালংকার নিয়ে বাসা থেকে বেরিয়ে যায়। যাওয়ার পথে মন্দিরের পেছনের একটি পরিত্যক্ত জায়গায় তারা স্বর্ণালংকারগুলো লুকিয়ে রাখে, যা পরে পুলিশ উদ্ধার করেছে। পুলিশ কমিশনার বলেন, শুরুতে এটি ডাকাতি নাকি খুন, তা নিয়ে পুলিশ বেশ দ্বিধায় ছিল। কিন্তু ঘটনাস্থলে পাওয়া ইয়াবা সেবনের আলামত, অর্ধেক খাওয়া শসা এবং আগুন দিয়ে পোড়ানো স্বর্ণের চুড়ি দেখে বুঝতে পারেন, এই ঘটনায় স্বর্ণের কাজে অভিজ্ঞ কেউ জড়িত আছে। পুলিশ কমিশনার বলেন, নিহত পরিবারের সঙ্গে কারও কোনো পূর্বশত্রুতা ছিল না এবং সেখানে ধর্ষণের কোনো আলামত পাওয়া যায়নি। এ ঘটনায় কোতোয়ালি থানায় একটি হত্যা মামলা দায়ের করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে চার্জশিট দাখিল করে আসামিদের বিচারের মুখোমুখি করার কথা জানিয়েছেন তিনি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০৮.২০২৬ রনি)

## ভারতীয় উপকূলে জাহাজডুবি, এক বাংলাদেশিসহ ২২ নাবিক নিখোঁজ

ভারতের পূর্ব উপকূলের কাছে ডুবে গেছে একটি পণ্যবাহী জাহাজ। দুইজনকে উদ্ধার করা সম্ভব হলেও এক বাংলাদেশিসহ জাহাজটির ২২ জন নাবিক এখনও নিখোঁজ রয়েছেন। শেষ খবর পাওয়া পর্যন্ত রোববারও তাদের খোঁজে উদ্ধার অভিযান চলছে। শুক্রবার পানামার পতাকাবাহী `ওশেন উইনার, নামের জাহাজটিতে ডুবে যাওয়ার সময় মোট ২৪ জন নাবিক ছিলেন। ভারতীয় কোস্ট গার্ড জানিয়েছে, শনিবার দুই চীনা নাগরিককে জীবিত উদ্ধার করা হয়েছে। তবে এখনও ২২ জনের কোনো খোঁজ পাওয়া যায়নি। উদ্ধারের পর দুই চীনা নাবিকের বরাত দিয়ে ভারতের সমুদ্র প্রশাসনের মহাপরিচালক শ্যাম জগন্নাথন জানিয়েছেন, শুক্রবার জাহাজটি একদিকে কাত হতে শুরু করে এবং মাত্র আট মিনিটের মধ্যেই ডুবে যায়। ফলে নাবিকেরা জাহাজটি থেকে বেরিয়ে আসতে বাধ্য হয়েছেন। `ডেভেলপিং আ লিস্ট, সামুদ্রিক পরিবহণের একটি কারিগরি শব্দ, যার অর্থ জাহাজটি একদিকে হেলে যেতে বা কাত হতে শুরু করেছিল। তবে, কেন ডুবে যাওয়া জাহাজটির ক্ষেত্রে এমনটা হয়েছিল, তা তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

### নিখোঁজদের খোঁজে অভিযান

জগন্নাথন বলেন, দুর্ঘটনার ১২ ঘণ্টা পর জীবিত কাউকে পাওয়ার সম্ভাবনা অনেক কমে যায়। তবুও উদ্ধারকারীরা খোঁজ চালিয়ে যাচ্ছেন। ভারতীয় কোস্টগার্ড জানিয়েছে, নিখোঁজদের মধ্যে ১৮ জন চীনা নাগরিক, তিনজন মিয়ানমারের নাগরিক এবং একজন বাংলাদেশি রয়েছেন। এক্স প্ল্যাটফর্মে ভারতীয় কোস্টগার্ড জানিয়েছে, নিখোঁজ নাবিকদের সন্ধানে তারা তিনটি জাহাজ মোতায়েন করেছে। ভারতীয় সংবাদমাধ্যম ইন্ডিয়ান এক্সপ্রেস কর্মকর্তাদের বরাত দিয়ে তাদের প্রতিবেদনে লিখেছে, দুর্ঘটনার সময় জাহাজটি উড়িষ্যা উপকূল থেকে প্রায় ২৪০ নটিক্যাল মাইল (প্রায় ৪৪৪ কিলোমিটার) দূরে অবস্থান করছিল। জাহাজ চলাচল পর্যবেক্ষণকারী অ্যাপ মেরিন ট্রাফিকের তথ্য অনুযায়ী, উড়িষ্যার পারাদ্বীপ বন্দর থেকে লৌহ আকরিক নিয়ে সিঙ্গাপুরের পথে রওয়ানা হয়েছিল ওশেন উইনার।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০৮.২০২৬ রনি)

# জাগো নিউজ

## রাজনৈতিক মতাদর্শের উর্ধ্বে থেকে পদোন্নতির নির্দেশ প্রধানমন্ত্রীর

রাজনৈতিক মতাদর্শ ও ব্যক্তিগত পছন্দ-অপছন্দের উর্ধ্বে থেকে পদোন্নতিতে মেধা, দক্ষতা ও সততাকে গুরুত্ব দেওয়ার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (২৩ আগস্ট) ঢাকা সেনানিবাসে বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তরে `নৌবাহিনী ও বিমান বাহিনী নির্বাচনী পর্ষদ - ২০২৬, এর আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। এই পদোন্নতি পর্ষদে বাংলাদেশ নৌবাহিনীর ক্যাপ্টেন, কমান্ডার ও লেফটেন্যান্ট কমান্ডার এবং বিমান বাহিনীর গ্রুপ ক্যাপ্টেন, উইং কমান্ডার ও স্কোয়াড্রন লিডার পদবির যোগ্য কর্মকর্তারা পরবর্তী পদোন্নতির জন্য বিবেচিত হবেন। বক্তব্যের শুরুতেই প্রধানমন্ত্রী স্মরণ করেন শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা অর্জনের যুদ্ধের সব শহিদ, ২০২৪ সালে দেশ এবং জনগণের স্বাধীনতা রক্ষায়

ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের সব শহিদ ও ১৯৭১ থেকে ২০২৪ সাল পর্যন্ত বিভিন্ন সময়ে যারা দেশে গণতন্ত্র এবং মানুষের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে হতাহত হয়েছেন, সবার অবদান কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন তিনি। এ ছাড়া তিনি মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী সব শহিদ, যুদ্ধাহত ও বীর মুক্তিযোদ্ধাদের, বিশেষ করে সশস্ত্র বাহিনী তথা নৌ ও বিমান বাহিনীর শহিদসহ সব বীর সেনানীদের কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী পদোন্নতির জন্য রাজনৈতিক মতাদর্শ ও ব্যক্তিগত পছন্দ-অপছন্দের ঊর্ধ্বে থেকে অফিসারদের পেশাগত দক্ষতা, নেতৃত্বের গুণাবলী, শৃঙ্খলার মান, সততা, বিশ্বস্ততা ও আনুগত্য এবং সর্বোপরি নিযুক্তিগত উপযুক্ততার ওপর গুরুত্বারোপ করতে নির্বাচনি পর্ষদের সদস্যদের নির্দেশনা দেন। তিনি বলেন, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় বাং লাদেশ নৌ ও বিমান বাহিনী দায়িত্ব পালনের পাশাপাশি অভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলা, স্থিতিশীলতা ও দুর্যোগ মোকাবিলায় বেসামরিক প্রশাসনকে সহায়তার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। দেশের প্রয়োজনে বাংলাদেশ নৌ ও বিমান বাহিনীর এই ত্যাগের জন্য নৌ ও বিমান বাহিনী প্রধা ন থেকে শুরু করে নৌ ও বিমান বাহিনীর সব সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানান সরকারপ্রধান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## ঢাকা-দিল্লি সম্পর্ক নিয়ে জয়শঙ্করের নতুন বার্তা

ভারত ও বাংলাদেশের মধ্যে কূটনৈতিক টানাপড়েনের মধ্যেই দুই দেশের সম্পর্ক এগিয়ে নিতে পারস্পরিক স্বার্থকে গুরুত্ব দেওয়ার কথা বলেছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। তিনি বলেছেন, একটি সম্পর্ক তখনই ভালোভাবে কাজ করে, যখন উভয় পক্ষের স্বার্থ বিবেচনা করে একটি 'অভিন্ন জায়গা, বা সমঝোতার ক্ষেত্র খুঁজে বের করা যায়। ইকোনমিক টাইমস ওয়ার্ল্ড লিডার্স ফোরামে বক্ত ব্য দেওয়ার সময় জয়শঙ্কর এসব কথা বলেন। বাংলাদেশের পক্ষ থেকে ভারতে অবস্থানরত সাবেক ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রত্যর্পণের দাবি এবং প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফর নিয়ে প্রশ্ন করা হলে জয়শঙ্কর সরাসরি কোনো মন্তব্য করতে চাননি। তবে প্রতি বেশী দেশগুলোর সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে ভারতের অবস্থান ব্যাখ্যা করতে গিয়ে তিনি পারস্পরিক স্বার্থের ওপর জোর দেন। জয়শঙ্কর বলেন, কোনো সম্পর্ক কার্যকর রাখতে হলে সেটি দুই দেশের জন্যই কিছুটা উপকারী হতে হবে। একটি দেশ শুধু নিজের স্বার্থ অনুযায়ী প্রতিবেশী দেশের কাছ থেকে সবকিছু আশা করতে পারে না। একইভাবে অন্য পক্ষের স্বার্থকেও সম্মান করতে হবে। দুই পক্ষ যখন এমন একটি জায়গায় পৌঁছাতে পারে, যেখানে উভয়ের স্বার্থের সম ন্বয় হয়, তখনই সম্পর্ক স্বাভাবিকভাবে এগিয়ে যায়। তার ভাষায়, এই 'কমন গ্রাউন্ড, বা অভিন্ন জায়গাই দুই দেশের সম্পর্ককে মসৃণভাবে এগিয়ে নেওয়ার ভিত্তি। জয়শঙ্করের এই বক্তব্য এমন এক সময়ে এলো, যখন শেখ হাসিনাকে ঘিরে ঢাকা ও নয়াদিল্লির মধ্যে সম্পর্কের টানাপড়েন চলছে। বাংলাদেশ শেখ হাসিনাকে দেশে ফেরত পাঠানোর জন্য ভারতের কাছে প্রত্যর্পণের দাবি জানিয়ে আসছে। বাংলাদেশে তার বিরুদ্ধে গু রুতর অভিযোগে বিচারও হয়েছে। এ বিষয়টি দুই দেশের কূটনৈতিক আলোচনায় গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। এরই মধ্যে প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফর নিয়েও অনিশ্চয়তা তৈরি হয়েছে। দুই দেশের কর্মকর্তাদের মধ্যে সফর নিয়ে আলোচনা চললেও এখনো চূড়ান্ত তারিখ নির্ধারণ হয়নি। তারেক রহমানের সম্ভাব্য সফর দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে নতুন সুযোগ তৈরি করতে পারে বলে এর আগে ভারতীয় সাবেক কূটনীতিকদের কেউ কেউ মন্তব্য করেছেন। তবে শেখ হাসিনার প্রত্যর্পণসহ বিভিন্ন বিষয় নিয়ে মতবিরোধ থাকায় সফরটি শেষ পর্যন্ত কবে হবে, তা এখনো পরিষ্কার নয়। এমন পরিস্থিতিতে জয়শঙ্করের বক্তব্যকে দুই দেশের সম্পর্কের ক্ষেত্রে ভারতের একটি সাধারণ কূটনৈতিক অবস্থান হিসেবে দেখা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## ফ্লাইট সংকটে আকাশপথে 'জিম্মি, রাজশাহী-ঢাকা রুটের যাত্রীরা

রাজশাহী-ঢাকা আকাশপথে ফ্লাইট সংকট ক্রমেই প্রক ট আকার ধারণ করছে। পর্যাপ্ত ফ্লাইট না থাকা, টিকিটের দুষ্প্রাপ্যতা এবং চড়া ভাড়ার কারণে চরম ভোগান্তিতে পড়েছেন যাত্রীরা। বিশেষ করে চিকিৎসার জন্য ঢাকামুখী রোগী, ব্যবসায়ী, শিক্ষার্থী, পর্যটক ও নিয়মিত যাত্রীদের জন্য পরিস্থিতি কঠিন হয়ে উঠেছে। বাধ্য হয়ে বাড়তি অর্থ দিয়ে আকাশপথে যাতায়াত করতে হচ্ছে। ঢাকা-রাজশাহী আকাশপথ থেকে নভোএয়ার কার্যক্রম গুটিয়ে নেওয়ার পর বর্তমানে মূলত ইউএস-বাংলা এয়ারলাইন্স এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ওপর নির্ভর করতে হচ্ছে এই রুটের যাত্রীদের। প্রতিযোগী কমে যাওয়ায় যাত্রীদের বিকল্পও সীমিত হয়ে পড়েছে। কোনো নির্দিষ্ট সময়ের ফ্লাইটের আসন পূর্ণ হয়ে গেলে পরবর্তী ফ্লাইটের জন্য অপেক্ষা করা ছাড়া অনেকের সামনে আর কোনো সুযোগ থাকছে না। যাত্রীদের অভিযোগ, এই পরিস্থিতিকে কাজে লাগিয়ে চাহিদার সময়ে টিকিটের দামও বেড়ে যাচ্ছে। নিয়মিত যাত্রীদের সঙ্গে কথা বলে জানা গেছে, আগে রাজশাহী-ঢাকা রুটে ইকোনমি ক্লাসের ভাড়া ছিল তিন হাজার থেকে চার হাজার টাকার মধ্যে। অন্যান্য ক্যাটাগরির ভাড়াও ছিল তুলনামূলক সহনীয়। তবে বর্তমানে ইউএস-বাংলা এয়ারলাইন্সের বিভিন্ন ক্যাটাগরির টিকিটের দাম উল্লেখযোগ্যভাবে বেড়েছে বলে অভিযোগ যাত্রীদের। যাত্রীদের দাবি, ইকোনমি ক্লাসের ভাড়া পাঁচ হাজার ৭০০ থেকে ১১ হাজার টাকা পর্যন্ত নেওয়া হচ্ছে। বিশেষ করে শেষ মুহূর্তে টিকিট কাটতে গেলে ভাড়া আরও বেড়ে যাওয়ার অভিযোগ রয়েছে। রাজশাহী-ঢাকা রুটের নিয়মিত বিমানযাত্রী আবুল কালাম আজাদ জাগো নিউজকে বলেন,

”রাজশাহীতে যাত্রীর অভাব নেই। সকা লে তিনটি, দুপুরে ও বিকেলে তিনটি করে মোট ছয়টি ফ্লাইট দিলেও প্রতিটির সিট ফুল থাকবে। অথচ সিট সংকটের কারণে নিরুপায় মানুষ, বিশেষ করে মুমূর্ষু রোগীদের ৮ হাজার থেকে ১০ হাজার টাকা বা তারও বেশি দামে টিকিট কিনতে হচ্ছে। „ তিনি আরও বলেন , ”অন্যান্য ব্যস্ত রুটে একাধিক এয়া রলাইন্সের মধ্যে প্রতিযোগিতা থাকায় যাত্রীরা তুলনামূলক কম দামে টিকিট কেনার সুযোগ পান। কিন্তু রাজশাহী রুটে প্রতিযোগী কমে যাওয়ায় যাত্রীদের বিকল্প নেই। ফলে চাহিদার সময়ে টিকিটের দাম বেড়ে যাচ্ছে। যাত্রীরা বাধ্য হয়ে বাড়তি টাকা দিয়ে টিকিট কিনছেন।„ (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## বাংলাদেশে কমছে যুক্তরাজ্যের অর্থসহায়তা, ঝুঁকিতে হাজারও মানুষ

যুক্তরাজ্যের বৈদেশিক সহায়তা কমিয়ে দেওয়ার সিদ্ধান্তের কারণে বাংলাদেশে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় পরিচালিত একটি বড়ো প্রকল্প নির্ধারিত সময়ের দুই বছর আগেই বন্ধ করতে হচ্ছে। এতে সু ন্দরবন এলাকার হাজারও ঝুঁকিপূর্ণ মানুষ সহায়তা থেকে বঞ্চিত হবেন। একইসঙ্গে গত আড়াই বছরে করা বিভিন্ন উদ্যোগও ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। ব্রিটিশ উন্নয়ন সংস্থা প্র্যাকটিক্যাল অ্যাকশন ২০২৩ সাল থেকে বাংলাদেশের সুন্দরবন এলাকায় এই প্রকল্পের একটি অংশ পরিচাল না করে আসছে। প্রকল্পটির মেয়াদ ২০২৮ সাল পর্যন্ত চলার কথা ছিল। এর লক্ষ্য ছিল কয়েক হাজার পরিবারের জীবনযাত্রার উন্নয়ন এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় তাদের সক্ষমতা বাড়ানো। প্রকল্পের আওতায় সৌরবিদ্যুৎ ব্যবস্থা, জলবায়ু সহনশীল কৃষি, মাছ চাষের প্রযুক্তি ও উপকরণ এবং অতিবৃষ্টি ও ঘূর্ণিঝড়ের আগাম সতর্কবার্তা দেওয়ার মতো বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়। কিন্তু চলতি বছরের এপ্রিল মাসে প্রাকটিক্যাল অ্যাকশনকে জানানো হয় , জুনের মধ্যেই প্রকল্পটি শেষ করতে হবে। পরে সংস্থাটির তীব্র প্রচেষ্টার পর সময়সীমা সেপ্টেম্বর পর্যন্ত বাড়ানো হয়। প্রাকটিক্যাল অ্যাকশন বাংলাদেশের জলবায়ু সহনশীলতা বিভাগের প্রধান তামান্না রহমান জানান, ২০২৬ সালের মধ্যে প্রকল্পটির জন্য ২২ লাখ পাউন্ড পাওয়ার কথা থাকলেও তারা এর তুলনায় অনেক কম অর্থ পেয়েছেন। ফলে চলতি বছরের শেষ নাগাদ ৫৭ হাজার মানুষের কাছে পৌঁছানোর লক্ষ্য থাকলে ও শেষ পর্যন্ত প্রায় ৩৭ হাজার মানুষকে সহায়তা দেওয়া সম্ভব হবে। তিনি বলেন, হঠাৎ করে প্রকল্প বন্ধের সিদ্ধান্ত স্থানীয় জনগণের সঙ্গে সংস্থাটির দীর্ঘদিনে গড়ে ওঠা আস্থার ওপর নেতিবাচক প্রভাব ফেলেছে। একইসঙ্গে নেওয়া উদ্যোগগুলোর দীর্ঘমেয়াদি স্থায়িত্ব নিয়েও অনিশ্চয়তা তৈ রি হয়েছে। যুক্তরাজ্যের বাংলাদেশকে দেওয়া দ্বিপক্ষীয় সহায়তাও বড়ো ধরনের কাটছাঁটের মুখে পড়েছে। ২০২৫-২৬ অর্থবছরে এই সহায়তার পরিমাণ ৬ কোটি ৬৭ লাখ পাউন্ড থেকে ২০২৬-২৭ অর্থবছরে ৩ কোটি ১০ লাখ পাউন্ডে নামিয়ে আনার পরিকল্পনা করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## ছাদে মাদক সেবন দেখে ফেলায় একই পরিবারের চারজনকে হত্যা, আটক ২

রংপুরে অবসরপ্রাপ্ত স্কুলশিক্ষক গণপতি চক্রবর্তী জুয়েল ও তার স্ত্রী -সন্তানসহ চারজনকে হত্যার ঘটনায় দুই যুবককে আটক করেছে আইন -শৃঙ্খলা বাহিনী। রোববার (২৩ আগস্ট) ভোরে তাদের আটক করা হয়। আটকরা হ লেন- নগরীর মাছুয়াপাড়া এলাকার কানুদাসের ছেলে মুগ্ধ দাস (২৩) ও বিনয়চন্দ্র দাসের ছেলে সিদ্ধার্থ দাস (১৯)। রোববার দুপুরে প্রেস ব্রিফিংয়ে মহানগর পুলিশ কমিশনার আবদুল মাবুদ জানান , মাদক সেবনে বাধা দেওয়ায় তারা এক এক করে ওই বাড়ির চারজনকে হত্যা করে। পুলিশ কমিশনার বলেন, হত্যাকাণ্ডের খবর পাওয়ার পরপরই আইন -শৃঙ্খলা বাহিনী এলাকায় অভিযান শুরু করে। অভিযানের একপর্যায়ে সিদ্ধার্থ ও মুগ্ধকে আটক করা হয়। পুলিশ কমিশনার বলেন, আরও বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে আটক দু-জন জানিয়েছেন, বৃহস্পতিবার (২০ আগস্ট) শেষ রাতের দিকে গণপতি চক্রবর্তীর নির্মাণাধীন বাড়ির ছাদে বসে মাদক সেবন ও আডডা দিচ্ছিলেন সিদ্ধার্থ ও মুগ্ধ। তারা প্রায়ই এই কাজ করতেন। ওইদিন এ দৃশ্য দেখে ফেলায় প্রথমে গণপতি চক্রবর্তীকে শ্বাসরোধে হত্যা করেন তারা। পরে শব্দ শুনে স্ত্রী প্রীতিলতা বেরিয়ে এলে তাকেও হত্যা করা হয়। এরপর মে যে আগামী চক্রবর্তী প্রার্থী বেরিয়ে আসেন। তাকেও হত্যা করা হয়। সবশেষ ছেলে আয়ুশ চক্রবর্তী প্রিয়ম তাদের চিনে ফেলায় তাকেও হত্যা করেন তারা। এরপর বাড়িতে ঢুকে স্বর্ণালংকারসহ বিভিন্ন জিনিস লুট করে পালিয়ে যান সিদ্ধার্থ ও মুগ্ধ। পুলিশ কমিশনার বলেন , এ ঘটনায় আ রও কেউ জড়িত আছে কি না বা অন্য কোনো উদ্দেশ্য ছিল কি না তা খতিয়ে দেখা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## বঙ্গভবনে দাপ্তরিক কার্যক্রম শুরু করলেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম

শপথ গ্রহণের পর প্রথমবারের মতো আজ বঙ্গভবনে দাপ্তরিক কার্যক্রম শুরু করেছে ন নবনির্বাচিত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। রোববার (২২ আগস্ট) বেলা ১১টায় রাষ্ট্রপতি বঙ্গভবনে পৌঁছালে প্রধান ফটক -২-এ বাংলাদেশ পুলিশের একটি সুসজ্জিত অশ্বারোহী দল তাকে অভ্যর্থনা জানায়। পরে বঙ্গভবনের ক্রেডেন সিয়াল মাঠে বাংলাদেশ সেনাবাহিনীর প্রেসিডেন্ট গা র্ড রেজিমেন্টের (পিজিআর) একটি সুসজ্জিত চৌকস দল রাষ্ট্রপতিকে গার্ড অব অনার প্রদান করে। গার্ড অব অনার শেষে বঙ্গভবনের অষ্টাগনালে রাষ্ট্রপতির সামরিক সচিব মেজর জেনারেল এ এস

এম বাহাউদ্দিন, জনবিভাগের সচিব এ জে এম সালাহউদ্দিন নাগরী , প্রেস সচিব মো. সরওয়ার আলম এবং পিজিআর কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল গোলাম আরিকুল আলম রাষ্ট্রপতিকে ফুল দিয়ে স্বাগত জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## যুদ্ধের কারণেই জ্বালানি সংকট, সরকার দায়ী নয় : রিজভী

জ্বালানি সংকটের জন্য সরকার দায়ী নয় বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহা সচিব রুহুল কবির রিজভী। তিনি বলেছেন, যুদ্ধের কারণে এই সংকট হয়েছে। রোববার (২৩ আগস্ট) সকালে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে তিনি এসব কথা বলেন। রুহুল কবির রিজভী বলেন, এলএনজি ভর্তি কার্গো এরই মধ্যে এসে পৌঁছেছে। গ্যাসের সরবরাহ ও চাপও বেড়েছে। মহেশখালীর এলএনজি টার্মিনাল মেরামতের পর গ্যাস সরবরাহ স্বাভাবিক হতে শুরু করেছে। তিনি বলেন, বর্তমানে চলমান জ্বালানি সংকটের জন্য সরকার দায়ী নয়। যুদ্ধের কারণে এই সংকট তৈরি হয়েছে। তাছাড়া , মহেশখালীতে এলএনজি টার্মিনালে ত্রুটি হয়েছিল। এরই মধ্যে সেটি ঠিক করা হয়েছে। নতুন দায়িত্ব সম্পর্কে রিজভী বলেন , বিএনপির বিভিন্ন অঙ্গ-সংগঠনের মেয়াদোত্তীর্ণ কমিটি ভেঙে নতুন করে কমিটি করা হবে। নতুনেরা এসব সংগঠনের নেতৃত্বে আসবেন। এই প্রক্রিয়া চলমান থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## ইলিয়াস আলী গুম; বিমান বাহিনীর উইং কমান্ডার সাইফুর কারাগারে

বিএনপির নিখোঁজ নেতা ইলিয়াস আলীকে অপহরণ করে গুম ও খুনের ঘটনায় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় বিমান বাহিনীর উইং কমান্ডার সাইফুর রহমানকে গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। এ বিষয়ে শুনানি নিয়ে রোববার (২৩ আগস্ট) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল -১-এর বিচারিক প্যানেল এই আদেশ দেন। এর আগে , সকাল সাড়ে ৯টার দিকে বিএনপি নেতা ইলিয়াস আলীকে গুমের ঘটনায় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় বিমান বাহিনীর উইং কমান্ডার সাই ফুর রহমান সাইফকে ট্রাইব্যুনালে আনা হয়। এর আগে, সাইফুর রহমানের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছিলেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। রাষ্ট্রপক্ষের করা আবেদন শুনানি নিয়ে গত ৯ আগস্ট ট্রাইব্যুনাল এ আদেশ দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## দূতাবাসে ই-মেইলে হুমকি ভুয়া গ্রুপের কাজ : ডিবি

ঢাকায় অবস্থিত বিভিন্ন দূতাবাসে ই -মেইলের মাধ্যমে চাঁদা চেয়ে হুমকি দেওয়ার ঘটনা ঘটেছে। এ ঘটনা ভুয়া গ্রুপের কাজ বলে জানিয়েছেন ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) প্রধান অতিরিক্ত কমিশনার মো . শফিকুল ইসলাম। তিনি বলেন, দেশের ইমেজ নষ্ট করার জন্য এবং সরকারকে বিব্রত করার জন্য এটি করা হয়েছে। তবে পুলিশ এ ঘটনা গুরুত্বের সঙ্গে তদন্ত করছে। জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় নিয়ে আসতে কাজ করছে পুলিশ। রোববার (২৩ আগস্ট) রাজধানীর মিন্টো রোডে ডিএমপি মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনে এক প্র শ্নের জবাবে এসব বলেন ডিবি প্রধান। দূতাবাসে ই -মেইলের মাধ্যমে চাঁদা চেয়ে হুমকির বিষয়ে জানতে চাইলে শফিকুল ইসলাম বলেন , ইন্টারনেটের মাধ্যমে এই গ্রুপ কাজ করছে। এটা একটি ভুয়া গ্রুপ। ই -মেইলে যে-সব বিকাশ নম্বর দেওয়া হয়েছে , তাদের তিন -চারজনকে আমরা নিয়ে এসেছিলাম জিজ্ঞা সাবাদের জন্য। কিন্তু তারা কিছুই জানে না। তারা সম্পূর্ণ নির্দোষ। কয়টি দূতাবাসে হুমকি দেওয়া হয়েছে জানতে চাইলে তিনি বলেন , তিন-চারটি দূতাবাস এবং আমাদের কয়েকটি সরকারি দপ্তরেও ই-মেইল দিয়েছে। এটা কি হয়রানির উদ্দেশ্যে করা হয়েছে জানতে চাইলে ডিবিপ্রধান বলেন, আমার ধারণা এটা পূর্ব শত্রুতা বা দেশের ইমেজকে নষ্ট করার জন্য করা হয়েছে। সরকারকে বিব্রত করা জন্য করা হতে পারে। এ ঘটনায় কাউকে গ্রেফতার করা হয়েছে কি না জানতে চাইলে তিনি বলেন , আমরা এটা নিয়ে কাজ করছি। যে-কোনো ঘটনা ঘটলেই সেটা আমরা গুরুত্বে সঙ্গে দেখি। আমরা আশাবাদী যে , এটা আমরা উদঘাটন করব। যারা আছেন, তাদের আমরা আইনের আওতায় নিয়ে আসবো।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## সৌরবিদ্যুতের ট্যারিফ ৬ টাকা ৪৮ পয়সা নির্ধারণের সুপারিশ

নবায়নযোগ্য জ্বালানিতে সৌরবিদ্যুৎভিত্তিক বেসরকারি বিদ্যুৎকেন্দ্রের বিদ্যুৎ বিক্রির ট্যারিফ ইউনি টপ্রতি ৬ টাকা ৪৮ পয়সা নির্ধারণের সুপারিশ করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের (বিইআরসি) কারিগরি মূল্যায়ন কমিটি। কমিটির সুপারিশে সৌরভিত্তিক বাণিজ্যিক বিদ্যুৎকেন্দ্র থেকে উৎপাদিত বিদ্যুতের সর্বোচ্চ ২০ শতাংশ বিতরণকারী প্রতিষ্ঠানের কাছে বিক্রির জন্য এই ট্যা রিফ নির্ধারণের কথা বলা হয়েছে। রোববার (২৩ আগস্ট) সকাল ১০টায় রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অডিটোরিয়ামে গণশুনানি শুরু হয়। শুনানি শেষে আনুষ্ঠানিকভাবে চূড়ান্ত ট্যারিফ ঘোষণা করবে বিইআরসি। এজন্য সংশ্লিষ্ট পক্ষগণকে লিখিত মতামত জানানোর আহ্বান জানানো হয়ে ছে। কারিগরি মূল্যায়ন কমিটির সুপারিশ ও অনুসন্ধান প্রতিবেদনে সৌরভিত্তিক বেসরকারি বিদ্যুৎকেন্দ্রের উৎপাদিত বিদ্যুতের

বিক্রয়মূল্য প্রতি কিলোওয়াট-ঘণ্টা ৬ টাকা ৪৮ পয়সা নির্ধারণের প্রস্তাব করা হয়েছে। কমিটির হিসাব অনুযায়ী, সংশ্লিষ্ট বিদ্যুৎকেন্দ্রের সেবায় থাকা নিট স্থায়ী সম্পদের মূল্য ধরা হয়েছে ৩২৬ কোটি ৮ লাখ ৫০ হাজার টাকা। এর সঙ্গে নিয়ন্ত্রক কার্যকরী মূলধন বাবদ ৪৪ কোটি ৭২ লাখ ৪০ হাজার টাকা যোগ করে মোট মূল্যভিত্তি নির্ধারণ করা হয়েছে ৩৭০ কোটি ৮ লাখ ৯০ হাজার টাকা। এই মূল্যভিত্তির ওপর প্রস্তাবিত মুনাফার হার ধরা হয়েছে ৮ দশমিক ৯৬ শতাংশ। এতে বিনিয়োগের বিপরীতে মুনাফা দাঁড়িয়েছে ৩৩ কোটি ২২ লাখ টাকা। এর সঙ্গে জনবল, মেরামত ও রক্ষণাবেক্ষণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় বাবদ ১১ কোটি ২১ লাখ এবং অবচয় বাবদ ১৫ কোটি ৩৩ লাখ টাকা ধরা হয়েছে। সব মিলিয়ে মোট রাজস্ব চাহিদা ৫৯ কোটি ৫৭ লাখ ২০ হাজার টাকা। অন্যান্য আয় হিসেবে ৯৮ লাখ টাকা বাদ দেওয়ার পর নিট রাজস্ব চাহিদা দাঁড়িয়েছে ৫৯ কোটি ৪৭ লাখ ৪০ হাজার টাকা।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## কোথাও ভুল বোঝাবুঝি থাকলে যোগাযোগে নিরসন হয়ে যাবেঃ ধর্ম প্রতিমন্ত্রী

নিয়োগ নিয়ে হেফাজতে ইসলামসহ বিভিন্ন মহলে র প্রশ্ন ও সমালোচনার বিষয়ে ওলামায়ে কেরামের সঙ্গে যোগাযোগ বাড়িয়ে ভুল বোঝাবুঝি দূর করার আশ্বাস দিয়েছেন নতুন নিয়োগ পাওয়া ধর্ম প্রতিমন্ত্রী মোহাম্মদ শামীম কায়সার। তিনি বলেন, যোগাযোগ-কথাবার্তা যত বেশি হবে, যদি কোথাও কোনো ভুল বোঝাবুঝি থাকে, সেগুলো নিরসন হয়ে যাবে ইনশাল্লাহ। রোববার (২৩ আগস্ট) দায়িত্ব পাওয়ার পর প্রথম কর্মদিবসে সচিবালয়ে মন্ত্রণালয় ও অধীন দপ্তর - সংস্থার কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। নিয়োগ নিয়ে হেফাজতে ইসলামের নেতাদের প্রশ্ন তোলা প্রসঙ্গে শামীম কায়সার বলেন, আমি গতকালও আমাদের জামিয়া মাদানিয়া বারিধারা গিয়েছি, মুহতারাম মুনির কাসেমী হাফিজাহুল্লাহর সঙ্গে এবং আপনারা জমিয়তে উলামায়ে ইসলাম, হেফাজতে ইসলাম বাংলাদেশের অনেক শীর্ষস্থানীয় ওলামায়ে কেরামদের সঙ্গে কথা বলেছি। আলহামদুলিল্লাহ, অনেক সময় হয় কী দেখুন, আমরা নির্বাচনে যে যাই, একটা দলকে যে ১০০ শতাংশ মানুষ ভোট দেয়, তা না। পছন্দ-অপছন্দ থাকতে পারে। তেমনিভাবে কোনো একটা অ্যাপয়েন্টমেন্টকে ১০০ শতাংশ মানুষ পছন্দ করবে, বিষয়টা এরকমও না। তিনি বলেন, আমি তো আসলে এই মিনিস্ট্রিতে এমন না যে, আগে কাজ করেছি বা এই মিনিস্ট্রি রিলেটেড কাজ আমি করেছি। এ কারণে ওলামায়ে কেরাম, ওলামা-মাশায়েখ, হাফিজাহুল্লাহ, তাদের সঙ্গে যোগাযোগ -কথাবার্তা যত বেশি হবে, যদি কোথাও কোনো ভুল বোঝাবুঝি থাকে, সেগুলো নিরসন হয়ে যাবে ইনশাল্লাহ। আমি জিনিসটাকে এভাবেই দেখি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## ১৫ হাজার ডলার চাঁদা দাবি, না পেয়ে ঢামেক চিকিৎসকের ওপর হামলা চালান তারা

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের চিকিৎসক অধ্যাপক ডা. মো. আসাদুর রহমানের ওপর হামলার মূল পরিকল্পনাকারীসহ দুইজনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) ওয়ারী বিভাগ। ডিবি জানায়, এ ঘটনায় অধ্যাপক আসাদুর রহমানকে ঘটনার কয়েকদিন আগে একটি অপরিচিত নম্বর থেকে ফোন করে তার কাছে ১৫ হাজার মার্কিন ডলার চাঁদা দাবি করা হয়েছিল। গ্রেফতার আসামিরা হলেন- সানি সাহা (৩৮) ও ফাতিন ইসরাক লাবিব (২০)। রোববার (২৩ আগস্ট) রাজধানীর মিন্টো রোডে ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব জানান ডিএমপির অতিরিক্ত কমিশনার (ডিবি) মো. শফিকুল ইসলাম। তিনি বলেন, গত ১৭ আগস্ট রাত সাড়ে ১০টার দিকে পপুলার ডায়াগনস্টিক সেন্টারে রোগী দেখা শেষে বাসায় ফিরছিলেন অধ্যাপক আসাদুর রহমান। রাত পৌনে ১১টার দিকে তিনি সিএনজিচালিত অটোরিকশায় ওঠার সময় জী বন ওরফে আদিলসহ কয়েকজন তার পথরোধ করেন। এসময় তিনি পথরোধের কারণ জানতে চাইলে হামলাকারীরা তাকে সিএনজি থেকে টেনে নামিয়ে মারধর শুরু করেন। একপর্যায়ে জীবন ওরফে আদিল তার ডান চোখে আঘাত করেন। অন্যরা তার মাথা, দুই চোখের ওপরসহ শরীরের বিভিন্ন স্থানে আঘাত করেন এবং ভয়ভীতি ও হুমকিও দেওয়া হয়। শফিকুল ইসলাম বলেন, ঘটনাস্থলে থাকা লোকজন বিষয়টি পুলিশকে জানালে পল্টন মডেল থানার পুলিশ দ্রুত সেখানে যায় এবং জীবন ওরফে আদিলকে গ্রেফতার করে। অন্যরা পালিয়ে যান। পরে আহত অধ্যাপক আসাদুর রহমান ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নেন। এ ঘটনায় অধ্যা পক আসাদুর রহমান বাদী হয়ে জীবন ওরফে আদিলসহ অজ্ঞাতপরিচয় কয়েকজনের বিরুদ্ধে পল্টন মডেল থানায় মামলা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## বাংলাদেশের ভূখণ্ডের অখণ্ডতা রক্ষা করাই সবচেয়েবড়ো ইস্যু : আইনমন্ত্রী

আমাদের কাছে বাংলাদেশের ভূখণ্ডের অখণ্ডতা রক্ষা করাই সবচেয়ে বড়ো ইস্যু বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি বলেন, বাংলাদেশের ভূখণ্ড রক্ষা করতে যেয়ে নিরাপত্তার দিকটাকে হয়ত আমরা গুরুত্ব দিচ্ছি। কিন্তু আমরা ডিপ্লোমেটিক পাসপোর্ট এবং সামাজিক প্রেক্ষাপটকে কখনোই এড়িয়ে ক রছি না। একইসঙ্গে আমরা মানবাধিকারকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছি। যেন রোহিঙ্গা জনগোষ্ঠীর কোনো মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ কোনভাবেই না আসে। রোহিঙ্গাদের মানবাধিকারের বিষয়টা নিশ্চিত হোক। তারা তাদের মাতৃভূমিতে ফিরে যাক। রোববার (২৩ আগস্ট) জাতীয় প্রেস ক্লাবে নীতি গবেষণা কেন্দ্র আয়োজিত `রোহিঙ্গা সংকট: বর্তমান বাস্তবতা

ও ভবিষ্যৎ করণীয় , শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। মো. আসাদুজ্জামান বলেন, রোহিঙ্গাকে আন্তর্জাতিকভাবে যেভাবে দেখা হচ্ছে আমরাও সেভাবেই দেখছি , যেটা মিয়ানমারের অভ্যন্তরীণ সমস্যা। রোহিঙ্গারা মিয়ানমারের নাগরিক , মিয়ানমারের জনগোষ্ঠী। মিয়ানমারের মানুষের মানবাধিকার রক্ষার জন্য মিয়ানমার সরকারকে আল্টিমেটলি পদক্ষেপ নিতে হবে। বাংলাদেশ সরকার বিভিন্ন সময় মিয়ানমারকে বিভিন্নভাবে বলার এবং বোঝানোর চেষ্টা করেছে যে , রোহিঙ্গারা তোমাদের ভূখণ্ডের অবিচ্ছেদ্য অংশ। তিনি বলেন, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং বেগম খালেদা জিয়ার সরকার মিয়ানমারকে যেভাবে রোহিঙ্গা ইস্যুতে অ্যাড্রেস করেছেন পরবর্তী সরকারগুলো সেভাবে পারেনি বলেই বাংলাদেশ এমন একটি জায়গায় দাঁড়িয়ে আছে। আমাদের আমেরিকাকে এটা বোঝাতে হবে, আমাদের চীনকে এটা বোঝাতে হবে, ভারতকে এটা বোঝাতে হবে। আমরা মনে করি, অবশ্যই তাদের সঙ্গে আলোচনার বিষয় আছে। তবে , সবার আগে আমার বাংলাদেশের জনগণকে এক কাতারে দাঁড়াতে হবে। বাংলাদেশের মানুষকে সবার দল-মত নির্বিশেষে মতভেদ ভুলে যেয়ে আমাদের বুঝতে হবে। এই ভূখণ্ড আমাদের। এই বাংলাদেশটা সবার আগে। বাংলাদেশের প্রতিটি মানুষের এই দেশের প্রতি একটা কর্তব্যবোধ আছে উল্লেখ করে মন্ত্রী বলেন, সেটা আমাদের সাংবিধানিকভাবেই উল্লেখ করা আছে। আমরা মনে করি , রোহিঙ্গা সংকট মিয়ানমারের অভ্যন্তরীণ সংকট। বাংলাদেশ সরকার এটাকে দেখছে মানবিক দৃষ্টিকোণ থেকে । রোহিঙ্গাদের বাংলাদেশ আশ্রয় দিয়েছে, তাদের পাশে দাঁড়িয়েছে সম্পূর্ণ মানবিক মূল্যবোধের জায়গা থেকে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে আরও ৩ শিশুর মৃত্যু, আক্রান্ত ১২২৮

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে আরও ৩ শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ১ হাজার ২২৮ শিশু। রোববার (২৩ আগস্ট) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৩ শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গে মৃত্যু হয়েছে মোট ৮৩৪ শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরও ৯৯ শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গে এই সময়ে মোট ৯৩৩ শিশু মারা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## ১৫ আগস্ট ঘিরে নাশকতার পরিকল্পনা, গ্রেফতার ১৫ জন রিমান্ডে

রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় ১৫ আগস্টকে কেন্দ্র করে নাশকতার পরিকল্পনার অভিযোগে দায়ের করা মামলায় গ্রেফতার ১৫ আসামির একদিন করে রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। রোববার (২৩ আগস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রিয়াদ হাসানের আদালত শুনানি শেষে প্রত্যেক আসামির একদিনের রিমান্ড মঞ্জুর করেন। মামলার তদন্ত কর্মকর্তা আসামিদের সাত দিনের রিমান্ডে নেওয়ার আবেদন করেছিলেন। মামলার নথি অনুযায়ী, গত ১৩ আগস্ট রাতে ভাটারা থানার বসুন্ধরা আবাসিক এলাকার এম -ব্লকের ২৮ নম্বর সড়কের একটি বাসার দ্বিতীয় তলার ফ্ল্যাটে অভিযান চালায় পুলিশ। পুলিশের উপস্থিতি টের পেয়ে কয়েকজন পালিয়ে গেলেও সেখান থেকে ৫২ জনকে আটক করা হয়। পুলিশের অভিযোগ, আটক ব্যক্তিদের মধ্যে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠন যুবলীগ, যুব মহিলা লীগ এবং নিষিদ্ধ ছাত্রলীগের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তিরা ছিলেন। তারা ১৫ আগস্টকে কেন্দ্র করে একত্র হয়ে নাশকতা ও সন্ত্রাসী কর্মকাণ্ডের পরিকল্পনা করছিলেন। অভিযানের সময় ওই ফ্ল্যাট থেকে দুটি আইফোন , একটি স্যামসাং গ্যালাক্সি এস ২৫ আল্ট্রা মোবাইল ফোন এবং তিনটি ব্যানার জব্দ করা হয়েছে বলে মামলার নথিতে উল্লেখ করা হয়। ব্যানারগুলোতে ১৫ আগস্ট উপলক্ষ্যে আলোচনা সভা ও মিলাদ মাহফিল আয়োজনের কথা লেখা ছিল।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## গুম-খুন-নির্যাতনের শিকার ব্যক্তি-পরিবারের জন্য হচ্ছে অধিদপ্তর

গুম, খুন, নির্যাতন ও বিচারবহির্ভূত হত্যা কাণ্ডের শিকার ব্যক্তি এবং ক্ষতিগ্রস্ত পরিবারের কল্যাণ , সুচিকিৎসা, আইনি সুরক্ষা ও পুনর্বাসনের জন্য মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে নতুন একটি অধিদপ্তর গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। এ লক্ষ্যে রোববার (২৩ আগস্ট) মন্ত্রণালয়ে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আহমেদ আযম খানের সভাপতিত্বে সভায় প্রতিমন্ত্রী ইশরাক হোসেন এবং মন্ত্রণালয়ের সচিব মো . আশরাফুল ইসলাম উপস্থিত ছিলেন। সভায় মন্ত্রী আহমেদ আযম খান বলেন, জুলাই গণ -অভ্যুত্থানের ক্ষতিগ্রস্তদের রাষ্ট্র যেমন স্বীকৃতি দিয়েছে ও 'জুলাই গণ -অভ্যুত্থান অধিদপ্তর, গঠন করেছে। ঠিক তেমনি দীর্ঘ আন্দোলন -সংগ্রামে গণতন্ত্র পুনরুদ্ধারে যাদের অপরিসীম ত্যাগ রয়েছে - যারা গুম হয়েছেন, নির্মমভাবে খুন বা বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়ে আর পরিবারে ফিরে আসেননি , দৃষ্টিশক্তি হারিয়েছেন , পঙ্গুত্ববরণ করেছেন কিংবা শত শত মিথ্যা মামলায় নিঃস্ব হয়ে বছরের পর বছর জেল খেটেছেন - রাষ্ট্র তাদের এই ত্যাগ আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দিতে চায়। তিনি বলেন , ভবিষ্যতে যেন কোনো ফ্যাসিস্ট শক্তি এভাবে জনগণের গণতান্ত্রিক অধিকার হরণ করতে না পারে এবং কোনো মা -বাবা, স্বামী-স্ত্রী বা সন্তানকে মধ্যযুগীয় বর্বরতার শিকার হয়ে স্বজন

হারাতে না হয়, সেটির স্থায়ী প্রতিরোধ গড়ে তুলতেই এ রাষ্ট্রীয় স্বীকৃতি ও অধিদপ্তর গঠনের পদক্ষেপ নেওয়া হয়েছে। এ সময় মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ইশ রাক হোসেন বলেন, ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের মূল চেতনা ছিল - মানুষ স্বাধীনভাবে জীবনযাপন করবে , মানবাধিকার সুরক্ষিত থাকবে , রাষ্ট্রীয় বলপ্রয়োগ বন্ধ হবে এবং প্রত্যক্ষ ভোটাধিকারের মাধ্যমে একটি গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠিত হবে। তবে ২০০৯ সালের পর থেকে ভোটের অধিকার হরণ, রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় গুম ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের মাধ্যমে মুক্তিযুদ্ধের সেই মৌলিক ভাবমূর্তি পদদলিত করা হয়েছে। তাই আমাদের ওপর একটা দায়িত্ব বর্তায় যে , এই যে বিশাল একটা সংখ্যা জনগোষ্ঠী , যারা বাংলাদেশের মুক্তিযুদ্ধের যে আদর্শ সেটাকে প্র তিষ্ঠা করতে গিয়ে জীবন দিলেন, অত্যাচারিত হলেন, গুম হলেন, আর্থিকভাবে তারা নিঃস্ব হয়ে গেলেন, তাদের জন্য আমরা কিছু করতে পারি কি না, যোগ করেন প্রতিমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-ভারত গঙ্গা চুক্তি নবায়ন, বিহারের আপত্তি নিয়ে যা বলল দিল্লি

গঙ্গার পানি ভাগাভাগি নিয়ে পুরোনো প্রশ্নের সঙ্গে এবার যুক্ত হচ্ছে বিহারের নতুন দাবি। বাংলাদেশ -ভারতের মধ্যে গঙ্গার পানিবণ্টন চুক্তি নবায়নের সময় বিহারের স্বার্থও বিবেচনায় নেওয়া হবে - এমন আশ্বাস দিয়েছেন ভারতীয় পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। বিহারের উপমুখ্যমন্ত্রী ও পানিসম্পদমন্ত্রী বিজয় কুমার চৌধুরী শনিবার (২২ আগস্ট) এ তথ্য জানিয়েছেন। চলতি বছরের শেষ দিকে ভারত -বাংলাদেশের গঙ্গা পানিবণ্টন চুক্তির নবায়ন প্রক্রিয়া শুরু হওয়ার কথা। গত শুক্রবার নয়াদিল্লিতে জয়শঙ্করের সঙ্গে বৈঠক করেন বিহারের মুখ্যমন্ত্রী সম্রাট চৌধুরী , উপমুখ্যমন্ত্রী বিজয় কুমার চৌধুরী এবং জনতা দল ইউনাইটেডের (জেডিইউ) সাংসদ সঞ্জয় কুমার ঝা। বৈঠকে ভারতের অর্থমন্ত্রী নির্মলা সীতারামন এবং পররাষ্ট্র , জলশক্তি ও অর্থ মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। বিহারের দীর্ঘদিনের অভিযোগ, বাংলাদেশ-ভারতের মধ্যে পা নি ভাগাভাগির চুক্তি করার সময় রাজ্যটির স্বার্থ যথাযথভাবে বিবেচনা করা হয়নি। বিজয় কুমার চৌধুরী বলেন, ফারাক্কা ব্যারাজে পৌঁছানো পানির বড়ো অংশই বিহারের নদী অববাহিকা এলাকা থেকে আসে। কিন্তু পানীয় জল, সেচ ও শিল্পের ব্যবহারের জন্য বিহার তার ন্যায্য অংশ পায়নি। এই বি ষয়টি গঙ্গা চুক্তি নবায়নের সময় গুরুত্ব দিয়ে বিবেচনার দাবি জানিয়েছে রাজ্যটি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## অতিরিক্ত আইজিপি হলেন পাঁচ কর্মকর্তা

পুলিশের পাঁচ কর্মকর্তাকে অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (অতিরিক্ত আইজিপি) পদে পদোন্নতি দিয়েছে সরকার। জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড-২ পদে তাদের এ পদোন্নতি দেওয়া হয়েছে। রোববার (২৩ আগস্ট) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে সই করেন উপসচিব তৌছিফ আহমেদ। পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তারা হলেন - কেন্দ্রীয় পুলিশ হাসপাতালের পরিচালক (ডিআইজি) মো. সায়েদুর রহমান, ট্যুরিস্ট পুলিশের অতিরিক্ত আইজিপি (চলতি দায়িত্ব) মো. মাইনুল হাসান ও গাজীপুর মেট্রোপলিটন পুলিশের (জিএমপি) কমিশনার (ডিআইজি) মো. ইসরাইল হাওলাদার। এছাড়াও ঢাকা রেঞ্জের ডিআইজি মো. ইকবাল হোসেন এবং পুলিশ সদর দপ্তরের ডিআইজি মো . কামরুল আহসান। প্রজ্ঞাপনে বলা হয়েছে , পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। জনস্বার্থে জারি করা এ আদেশ কর্মকর্তাদের যোগদানের তারিখ থেকে কার্যকর হবে। জনস্বার্থে জারি করা এ আদেশ কর্মকর্তাদের যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## গ্রেড-১ পদে পদোন্নতি পেলেন অতিরিক্ত আইজিপি আকরাম

পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত আইজিপি মো . আকরাম হোসেনকে গ্রেড-১ পদে পদোন্নতি দিয়েছে সরকার। রোববার (২৩ আগস্ট) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে সই করেন উপসচিব তৌছিফ আহমেদ। প্রজ্ঞাপনে বলা হয় , পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা বর্তমান প্রচলিত নিয়ম অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর যোগদানপত্র দ্রুত দাখিল করবেন। জারিকৃত এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে। বর্তমানে তিনি বাংলাদেশ পুলিশের অর্থায়ন শাখার অতিরিক্ত আইজিপি হিসেবে দায়িত্ব পালন করছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## কিছু সদস্য অর্থ মন্ত্রণালয়ের কমিটিকে `অলংকারিক কমিটি, হিসেবে নিয়েছেন

অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিকে সরকারদলীয় কয়েকজন `অলংকারিক কমিটি, হিসেবে নিয়েছেন বলে অভিযোগ করেছেন কমিটির সদস্য ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ। তিনি বলেন, এই কমিটি যথাযথভাবে কাজ করছে না। রোববার (২৩ আগস্ট) ত্রয়োদশ জাতীয় সংসদের অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির দ্বিতীয় কমিটি বৈঠক শেষে তিনি এসব কথা বলেন। কমিটির সভাপতি মুশফিকুর রহমানের সভাপতিত্বে জাতীয় সংসদ ভবনে এ বৈঠক অনুষ্ঠিত হয়। পরে হাসনাত আবদুল্লাহ সাংবাদিকদের বলেন,

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কাঠামোগত সংস্কার, ট্যাক্স-জিডিপি অনুপাতসহ চারটি গুরুত্বপূর্ণ এজেন্ডা নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে। অর্থমন্ত্রী ও এনবিআরের কর্মকর্তারা এসব বিষয়ে ইতিবাচক অবস্থান নিলেও সরকারদলীয় কয়েকজন সদস্যের অসহযোগিতার কা রণে কোনো বিষয়ে সিদ্ধান্তে পৌঁছানো সম্ভব হয়নি। তিনি বলেন , সভাপতি না হয়েও অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে চিফ হুইপ অযাচিত হস্তক্ষেপ করেন। কমিটির সরকারদলীয় সদস্যরা বৈঠকে আন্তরিক না হয়ে এটিকে অলংকারিক হিসেবে নিয়েছেন। এই সংসদ সদস্য বলেন , জাতীয় সংসদে অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির প্রথম বৈঠকেও সরকারদলীয় কয়েকজন সদস্য জানিয়েছিলেন , তারা প্রস্তুত ছিলেন না। দ্বিতীয় বৈঠকেও একই চিত্র দেখা গেছে। অর্থমন্ত্রী ইতিবাচক অবস্থান নিলেও কোনো এজেন্ডাতেই সিদ্ধান্তে পৌঁছানো সম্ভব হয়নি। ব্যবসায়ীদের হয়রানি বন্ধে বৈঠকে গুরুত্বপূর্ণ কিছু প্রস্তাব দেওয়া হয়েছে বলেও জানান হাসনাত আবদুল্লাহ। এর মধ্যে বন্দর, ব্যাংক ও এনবিআরের মধ্যে একটি সমন্বিত ডিজিটাল ডাটাবেজ তৈরির প্রস্তাব রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## পদ্মা ব্যাংকের সাবেক এমডিসহ ১০ জনের বিরুদ্ধে মামলা করবে দুদক

প্রতারণার মাধ্যমে ঋণের প্রায় দুই কোটি টাকা আত্মসাতের অভিযোগে পদ্মা ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা আব্দুল মতলেব পাটোয়ারীসহ ১০ জনের বিরুদ্ধে মামলা হতে যাচ্ছে। বিষয়টির অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। রোববার (২৩ আগস্ট) দুদকের প্রধান কার্যালয় থেকে এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়। শিগ্ গিরই তদন্তকারী কর্মকর্তা মামলাটি করবেন বলে জানিয়েছেন দুদকের উপ -পরিচালক মো. আকতারুল ইসলাম। মামলার বাকি আসামিরা হলেন - এমএইচ এন্টারপ্রাইজের মালিক মো. মমিনুর রহমান, সোনালী ব্যাংকের এজিএম ও মমিনুরের মামা মো. অজিত উল্লাহ, পদ্মা ব্যাংকের সাবেক শাখা ব্যবস্থাপক (এসভিপি) কর্নেলিয়াস গমেজ, সাবেক ক্রেডিট ইনচার্জ (অফিসার) মো. রাসেল মিয়া, সাবেক ম্যানেজার অপারেশন (এফভিপি) এম আতিফ খালেদ, সাবেক ফার্স্ট অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট আমেনা বে গম, সাবেক শাখা ব্যবস্থাপক মোহাম্মদ শামসুল হাসান ভুঁইয়া, সাবেক ম্যানেজার অপারেশন মাহবুব আহমেদ এবং সাবেক ক্রেডিট ইনচার্জ (অফিসার) মো. কাওসার হোসেন। অনুমোদিত মামলার অভিযোগে বলা হয় , আসামিরা পরস্পর যোগসাজশে জালিয়াতি, প্রতারণা ও ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে ব্যাংকের এক কোটি ৯৫ লাখ টাকা আত্মসাত করেছেন। পরবর্তীতে অর্থপাচার-সংক্রান্ত অপরাধ করেছেন। তাদের বিরুদ্ধে দণ্ডবিধি , ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইন ও ২০১২ সালের মানিলন্ডারিং প্রতিরোধ আইনের সংশ্লিষ্ট ধারায় মামলাটি অনুমোদন হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## ফরিদপুর ও রাজবাড়ীতে দুটি শিক্ষাপ্রতিষ্ঠান উদ্বোধন করলেন সেনাপ্রধান

ফরিদপুরের মিলিটারি কলেজিয়েট স্কুল (এমসিএসএফ) এবং রাজবাড়ীতে সেনা পাবলিক স্কুল ও কলেজ উদ্বোধন করেছেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার -উজ-জামান। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে , দেশের শান্তি-শৃঙ্খলা, নিরাপত্তা ও সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি বাংলাদেশ সেনাবাহিনী তার সূচনালগ্ন থেকেই মানসম্মত শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনার মাধ্যমে দেশের শিক্ষা ব্যবস্থার উন্নয়ন, মানবসম্পদ গঠন এবং সুশিক্ষিত, দক্ষ ও দেশপ্রেমিক নাগরিক তৈরিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এরই ধারাবাহিকতায়, জ্ঞান, শৃঙ্খলা, দেশপ্রেম, নেতৃত্বগুণ ও মানবিক মূল্যবোধসম্পন্ন আদর্শ নাগরিক গড়ে তোলার লক্ষ্যে খুলনা মিলিটারি কলেজিয়েট স্কুলের (এমসিএসকে) আদলে ফরিদপুর মিলিটারি কলেজিয়েট স্কুল (এমসিএসএফ) প্রতিষ্ঠিত হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## বাংলাদেশ ও চীনের পুলিশের মধ্যে সহযোগিতা জোরদারে আলোচনা

বাংলাদেশ ও চীনের পুলিশের মধ্যে সহযোগিতা জোরদারে আলোচনা হয়েছে। বাংলাদেশ পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) প্রধানের সঙ্গে চীনা দূতাবাসের একটি প্রতিনিধিদলের সাক্ষাতে এ আলোচনা হয়। রোববার (২৩ আগস্ট) সিআইডি সদর দপ্তরে সংস্থাটির প্রধান অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (অ্যাডিশনাল আইজিপি) ব্যারিস্টার মোহাম্মদ মোশাররফ হোছাইনের সঙ্গে এই সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রতিনিধিদলে ছিলেন দূতাবাসের সেকেন্ড সেক্রেটারি ঝাও ই , থার্ড সেক্রেটারি ঝৌ জুন ও কনস্যুলার অফিসার ফাতেমা শিমু। এসময় বাংলাদেশ ও চীনের পুলিশের সঙ্গে পুলিশের সহযোগিতা জোরদার , মানবপাচার প্রতিরোধ ও বিদ্যমান মামলাগুলোর তদন্তে পারস্পরিক সহযোগিতা নিয়ে আলোচনা হয়। সেই সঙ্গে বাংলাদেশ ব্যাংক -সংশ্লিষ্ট মামলা, সাইবার-সক্ষম অপরাধ মোকাবিলায় জ্ঞান ও প্রযুক্তি বিনিময় এবং প্রয়োজনীয় কারিগরি ও লজিস্টিক সহায়তাসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। এসময় সিআইডির বিভিন্ন ইউনিটের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## শাকিল-রুপার সম্পদ বিবরণী চেয়ে কারাগারে নোটিশ পাঠাচ্ছে দুদক

অবৈধ সম্পদের মালিক হওয়ার অভিযোগ অনুসন্ধানের অংশ হিসেবে সাংবাদিক দম্পতি শাকিল আহমেদ ও ফারজানা রুপার কাছে সম্পদ বিবরণী চেয়ে নোটিশ পাঠাচ্ছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সম্প্রতি এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে রোববার (২৩ আগস্ট) জানিয়েছেন দুদকের উপ-পরিচালক মো. আকতারুল ইসলাম। দুদক সূত্র জানায়, এই দম্পতি বিভিন্ন মামলায় এখন কারাগারে থাকায় তাদের বাসার ঠিকানায় নোটিশ পৌঁছানো যায়নি। এ কারণে সংশ্লিষ্ট কারাগারের জেল সুপারের মাধ্যমে আদেশ পৌঁছে দেওয়ার সিদ্ধা ন্ত নিয়েছে দুদক। দুর্নীতি দমন কমিশন আইন , ২০০৪-এর ২৬(১) ধারার ক্ষমতাবলে তাদের সম্পদ বিবরণী দিতে বলা হয়েছে। দুদকের আদেশে শাকিলকে নিজের , স্ত্রীর এবং তার ওপর নির্ভরশীল ব্যক্তিদের সম্পদের তথ্য দিতে বলা হয়েছে। অন্যদিকে রুপাকে নিজের , স্বামীর এবং নির্ভরশীল ব্যক্তিদের সম্পদের তথ্য দিতে বলা হয়েছে। আদেশে বলা হয়েছে , নির্ধারিত সময়ের মধ্যে সম্পদ বিবরণী দিতে ব্যর্থ হলে অথবা মিথ্যা বিবরণী দিলে দুদক আইনের ২৬(২) ধারা অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। দুদকের উপ - পরিচালক মো. আকতারুল ইসলাম বলেন , আগের কমিশন শাকিল আহমেদ ও ফারজানা রুপার সম্পদ বিবরণী নেওয়ার অনুমোদন দিয়েছিল। সেই অনুযায়ী তাদের ঠিকানায় নোটিশ পাঠানো হয়। পরে দুদক জানতে পারে , তারা অন্য মামলায় গ্রেফতার হয়ে কারাগারে আছেন। এ কারণে এখন সংশ্লিষ্ট জেল সুপারের মাধ্যমে তাদের কাছে সম্পদ বিবরণী দাখিলের আদেশ পাঠানো হচ্ছে। দুদকের নথি সূত্রে জানা যায়, আদেশ পাওয়ার পর ২১ কার্যদিবসের মধ্যে তাদের নিজেদের পাশাপাশি স্বামী বা স্ত্রী এবং নির্ভরশীল ব্যক্তিদের নামে বা বেনামে থাকা স্থাবর ও অস্থাবর সম্পত্তির হিসাব দিতে হবে। একইসঙ্গে দায়-দেনা, আয়ের উৎস এবং সম্পদ কীভাবে অর্জন করা হয়েছে, তার বিস্তারিতও দিতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## অনুমোদিত নকশার বাইরে আর ভবন নির্মাণের সুযোগ নেই: গৃহায়নমন্ত্রী

দেশে ভবন নির্মাণের ক্ষেত্রে বিদ্যমান আইন , বিধি ও নীতিমালার সঠিক বাস্তবায়ন গত ১৭ বছরে হয়নি বলে মন্তব্য করেছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী জাকারিয়া তাহের। তিনি বলেন, এখন থেকে এসব আইনের সঠিক বাস্তবায়ন করা হবে। আইনের ব্যত্যয় করে ভবন নির্মাণ ও আবাসন গড়ে তোলার সুযোগ আর থাকছে না। রোববার (২৩ আগস্ট) সচিবালয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) এবং বাংলাদেশ ল্যান্ড ডেভেলপার অ্যাসোসিয়েশনের সদস্যদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি একথা বলেন। মন্ত্রী বলেন, ভবনের অনুমোদিত নকশায় সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (এসটিপি) ও সোক ওয়েল অন্তর্ভুক্ত থাকলেও অনেক ডেভেলপার কোম্পানি তা নির্মাণ করেনি। আগামীতে যেন কেউ অনুমোদিত নকশার বাইরে ভবন নির্মাণ করতে না পারে, তা নিশ্চিত করা হবে। তিনি বলেন, "রিহ্যাব এবং বাংলাদেশ ল্যান্ড ডেভেলপার অ্যাসোসিয়েশনের সদস্যদের সচেতন হতে হবে, আইন ভঙ্গ করে যেন কোনো ভবন বা আবাসন গড়ে না ওঠে।„
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## জাহাজভাঙা শিল্প টিকিয়ে রাখতে হবে, আবার নিরাপত্তাও থাকতে হবে

চট্টগ্রামের সীতাকুণ্ডে জাহাজভাঙা শিল্পে শ্রমিকদের শতভাগ নিরাপত্তা নিশ্চিত করে ‵শূন্য প্রাণহানি , বা ‵জিরো ক্যাজুয়ালটি, বাস্তবায়নের তাগিদ দিয়েছেন জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিয়া। তিনি বলেন , আমাদের লক্ষ্য জাহাজভাঙা শিল্পকে জিরো ক্যাজুয়ালটি বা শূন্য প্রাণহানির পর্যায়ে নিয়ে যাওয়া। শিল্পটি টিকিয়ে রাখতে হবে। একইসঙ্গে এখানে যারা কাজ করেন , তাদের জীবনের পূর্ণ নিরাপত্তাও নিশ্চিত করতে হবে। রোববার (২৩ আগস্ট) সীতাকুণ্ডের ভাটিয়ারীতে ফেরদৌস স্টিল শিপ রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ প্রাঙ্গণে এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। গত ১৪ আগস্ট ওই ইয়ার্ডে বিষাক্ত গ্যাসে নিহত ১০ শ্রমিকের পরিবারের সদস্যদের ক্ষতিপূরণের চেক ও নগদ অর্থ দিতে বাংলাদেশ শিপ ব্রেকার্স অ্যান্ড রিসাইকেলার্স অ্যাসোসিয়েশন (বিএসবিআরএ) এ অনুষ্ঠানের আয়োজন করে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## ডাকসু ভিপির সঙ্গে মার্কিন দূতাবাস প্রতিনিধিদলের সাক্ষাৎ

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি সাদিক কায়েমের সঙ্গে সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত মার্কিন দূতাবাসের প্রতিনিধিদল। রোববার (২৩ আগস্ট) ডাকসু ভবনে ভিপির কা র্যালয়ে এ সাক্ষাৎ হয়। সাক্ষাতে মার্কিন দূতাবাসের পলিটিক্যাল অফিসার জেমস এ. স্টুয়ার্ড এবং পাবলিক ডিপ্লোম্যাসি অফিসার স্কট হার্টম্যান উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষা , দক্ষতা উন্নয়ন এবং আন্তর্জাতিক সুযোগ -সুবিধা নিয়ে ফলপ্রসূ আলোচনা হয়। বিশেষ করে যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষা , স্কলারশিপ ও আর্থিক সহায়তার সুযোগ সম্প্রসারণ , অ্যাকাডেমিক এক্সচেঞ্জ, গবেষণা ও ফেলোশিপ এবং আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার্থীদের অংশগ্রহণ বাড়ানোর বিষয়ে আলোচনা করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

## অবৈধ অভিবাসন প্রতিরোধে সুদূরপ্রসারী পদক্ষেপ নিচ্ছে সরকার

সংযুক্ত আরব আমিরাতসহ বিশ্বের বিভিন্ন দেশে অবৈধ অভিবাসন রয়েছে। এসব অভিবাসন প্রতিরোধে পররাষ্ট্র মন্ত্রণালয়ের করণীয় কী হতে পারে, তা বিস্তারিত আলোচনার জন্য সম য় নির্ধারণ করেছে পররাষ্ট্র মন্ত্রণালয়। ত্রয়োদশ জাতীয় সংসদের পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির প্রথম বৈঠকে বিষয়টি গুরুত্ব দেওয়া হয়েছে। সম্প্রতি প্রধানমন্ত্রীর মালয়েশিয়া-চীন সফরসহ পররাষ্ট্র সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমে বাংলাদেশের অর্জন ও সক্রিয় অং শগ্রহণকে সরকারের প্রতি আন্তর্জাতিক আস্থার বহিঃপ্রকাশ হিসেবে অভিহিত করা হয়েছে বৈঠকে। রোববার (২৩ আগস্ট) জাতীয় সংসদে কমিটির সভাপতি জহরত আদিব চৌধুরীর সভাপতিত্বে বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে কমিটির সদস্য ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামসহ সংশ্লিষ্টরা উপস্থি ত ছিলেন। কমিটির সভাপতির আমন্ত্রণে বিশেষ আমন্ত্রিত হিসেবে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান বৈঠকে অংশ নেন। তবে নবনিযুক্ত পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবিরকে বৈঠকে আমন্ত্রণ জানানো হলেও পূর্বনির্ধারিত বিদেশ সফরে থাকায় তিনি বৈঠকে উপস্থিত হতে পারেননি।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## নৌ ও বিমানবাহিনী নির্বাচনি পর্ষদ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

বাংলাদেশ নৌবাহিনী ও বিমানবাহিনীর কর্মকর্তাদের পদোন্নতির লক্ষ্যে গঠিত 'নির্বাচনি পর্ষদ-২০২৬,-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আজ রো ববার (২৩ আগস্ট) সকালে রাজধানীর বিমানবাহিনী সদর দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি এই পর্ষদের শুভ সূচনা করেন। অনুষ্ঠানের শুরুতে প্রধানমন্ত্রী আনুষ্ঠানিকভাবে নৌবাহিনী প্রধান খোন্দকার মিসবাহ উল আজীমকে অ্যাডমিরাল র্যাংক ব্যাজ পরিয়ে দেন। এবারের নির্বাচনি পর্ষদের মাধ্যমে নৌবাহিনীর ক্যাপ্টেন, কমান্ডার ও লেফটেন্যান্ট কমান্ডার এবং বিমানবাহিনীর গ্রুপ ক্যাপ্টেন, উইং কমান্ডার ও স্কোয়াড্রন লিডার পদবির যোগ্য কর্মকর্তারা পরবর্তী পদোন্নতির জন্য বিবেচিত হবেন। উদ্বোধনী অনুষ্ঠানে পদোন্নতির মূল্যা য়ন প্রক্রিয়ায় সততা ও পেশাদারত্ব বজায় রাখার ওপর বিশেষ জোর দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, যে-কোনো রাজনৈতিক মতাদর্শ এবং ব্যক্তিগত পছন্দ -অপছন্দের ঊর্ধ্বে উঠে কর্মকর্তাদের পদোন্নতির সিদ্ধান্ত নিতে হবে। যোগ্য ও পদোন্নতিপ্রার্থী কর্মকর্তাদের পেশাগত দক্ষতা , নেতৃত্বের গুণাবলি, শৃঙ্খলাপরায়ণতা ও দূরদর্শিতাকেই পদোন্নতির প্রধান মানদণ্ড হিসেবে বিবেচনা করার আহ্বান জানান তিনি। উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রধানমন্ত্রী বাংলাদেশ বিমানবাহিনীর একাধিক গুরুত্বপূর্ণ অপারেশনাল স্থাপনা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনের সময় সশস্ত্র বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ২৩.০৮.২০২৬ এলিনা)

## সংবাদমাধ্যমকে নিয়ন্ত্রণ নয়, সহযোগিতার মাধ্যমে এগিয়ে নিতে চাই: তথ্য ও সম্প্রচারমন্ত্রী

দায়িত্ব গ্রহণের প্রথম কর্মদিবসে সংবাদমাধ্যমকে নিয়ন্ত্রণ নয় বরং সহযোগিতার মাধ্যমে এগিয়ে নেওয়ার প্রত্যয় জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী আন্দালিভ রহমান। রোববার দায়িত্ব পাওয়ার পর প্রথম কর্মদিবসে সচিবালয়ে মন্ত্রণালয় ও অধীন দপ্তর -সংস্থার কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। আন্দালিভ রহমান বলেন, "সরকারের সব কর্মকাণ্ড জনগণের কাছে বিশ্বাসযোগ্যভাবে পৌঁছে দে ওয়ার দায়িত্ব আমাদের অনেক বড়ো। একইসঙ্গে মানুষের সঙ্গে সম্পর্ক ও জাতীয় ঐক্যের বিষয়টিও আমাদের মাথায় রাখতে হবে। „ তিনি বলেন, "আমাদের কালচারাল ভ্যালুস, রিলিজিয়াস ভ্যালুস এবং মুক্তিযুদ্ধের চেতনা থেকে শুরু করে আমাদের গর্বের জায়গাগুলো অক্ষু ণ্ন রাখার দায়িত্বও আমাদের।„ সরকারের দায়িত্ব গ্রহণের সময়কে বাংলাদেশের ইতিহাসের সবচেয়ে কঠিন সময়গুলোর একটি উল্লেখ করে তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন , "প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে আমরা ১০০ শতাংশ চেষ্টা করছি। ভুলত্রুটি সবারই হতে পারে। তবে নৈতিকতার জায়গা থেকে আমরা খুবই শক্ত অবস্থানে আছি। প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে আমাদের নির্দেশনা হলো, দেশকে সেবা করা এবং জনগণের স্বার্থকে এগিয়ে নে ওয়া।„ সংবাদমাধ্যমকে গণতন্ত্রের অন্যতম গুরুত্বপূর্ণ স্তম্ভ উল্লেখ করে তিনি বলেন , "গত ১৭ বছর নানা নিয়ন্ত্রণ ও সীমাবদ্ধতার মধ্যে ও সংবাদমাধ্যম থেকে সরকারের ব্যর্থতা , অনিয়ম ও নির্যাতনের অনেক তথ্য মানুষ জানতে পেরেছে। „ তিনি বলেন, "জুলাই আন্দোলনে সংবাদ মাধ্যমের ভূমিকা কোনোভাবেই খাটো করে দেখার সুযোগ নেই। সব দিক থেকেই তাদের ভূমিকা গুরুত্বপূর্ণ।„ আন্দালিভ রহমান বলেন, "আমাদের মাথায় রাখতে হবে, আমরা অবশ্যই এই মন্ত্রণালয়ের দায়িত্ব রেগুলেট করা, কিন্তু কোনোভাবেই যেন আমরা কন্ট্রোলে না যাই। „ গত ১৭ বছরে রাষ্ট্রের বিভিন্ন প্রতিষ্ঠানে নৈতিক অবক্ষয় ও কাঠামোগত সমস্যা তৈরি হয়েছে মন্তব্য করে তিনি বলেন , বিচার বিভাগ, রাজনীতি, স্ট্যাচুটরি বডি, সংসদসহ বিভিন্ন ক্ষেত্রে যে ক্ষতি হয়েছে, তা মেরামত করতে সময় লাগবে। তবে কোন পথে যাওয়া যাবে না , সে বিষয়ে সবাইকে সচেতন থাকতে হবে। তিনি বলেন, "ড্যামেজগুলো রিপেয়ার করা এবং নিউ সিস্টেম ডেভেলপ করা , এই জিনিসগুলোতে আমাদের কনসেন্ট্রেট করতে হবে। „ সামাজিক মূল্যবোধ ও মুক্তিযুদ্ধের চে তনাকে এগিয়ে নে ওয়ার

উপরও গুরুত্ব দেন তিনি। একইসঙ্গে কোনো সিদ্ধান্তের মাধ্যমে যাতে অন্যায় না হয় , সেদিকেও সতর্ক থাকার আহ্বান জানান। আল্লাহর ওপর বিশ্বাসের কথা তুলে ধরে মন্ত্রী বলেন , "যখনই আপনি ভালো কিছু করতে চাইবেন , আল্লাহর একটা রহমত আপনার ওপরে থাকবে। আপনার ইন টেনশন যদি ভালো হয় , তাহলে আল্লাহতাআলা একটা ডিভাইন ব্লেসিং দিয়ে দেন। „ কর্মকর্তাদের অভিজ্ঞতার প্রশংসা করে তিনি বলেন , "এটি একটি টিমওয়ার্ক। রাজনীতিতে তার অভিজ্ঞতা থাকলেও প্রশাসনিক ও আমলাতান্ত্রিক কাজের বিষয়ে কর্মকর্তাদের অভিজ্ঞতা বেশি। সরকারের রাজনৈতিক সিদ্ধান্ত জনগণের কাছে সঠিকভাবে পৌঁছে দে ওয়া এবং জনগণের স্বার্থ রক্ষা করাই তাদের অন্যতম দায়িত্ব। „ তিনি বলেন, "জনগণের জানার একটা রাইট আছে যে , আমরা কী করছি। তারা আমাদের ভোট দিয়েছেন। আমরা কী করছি, সেটাই জনগণের কাছে পৌঁছে দিতে হবে।„(রেডিও টুডে ওয়েব পেজ: ২৩.০৮.২০২৬ এলিনা)

## স্বরাষ্ট্রমন্ত্রীকে রংপুরের ঘটনার দায় নিতে হবে: জামায়াত আমির

রংপুরের একটি বাসা থেকে স্কুলশিক্ষক ও তার পরিবারকে শ্বাসরোধে হত্যার মর্মান্তিক খবর পাওয়া গেছে। একইসঙ্গে ঢাকা ও ময়মনসিংহে চিকিৎসকদের ওপর হামলা এবং চাঁদা দাবির ঘটনাও ঘটেছে। দেশের আইন -শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা . শফিকুর রহমান। এ সময় তিনি স্বরাষ্ট্রমন্ত্রীকে এর দায় নিতে হবে বলেও আখ্যায়িত করেন। পাঠকদের জন্য ডা . শফিকুর রহমানের ফেসবুক পোস্টটি হুবহু তুলে ধরা হলো - `গতরাতে রংপুর নগরীর মাছুয়াপাড়ার একটি বাসা থেকে রংপুর জিলা স্কুলের সাবেক শিক্ষক গণপতি চক্রবর্তী , তার স্ত্রী ও দুই সন্তানের লাশ উদ্ধার করা হয়েছে। তাদের শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে বলে জানা গেছে। নিহতরা হলেন- জেলা স্কুলের সাবেক শিক্ষক গণপতি চক্রবর্তী , তার স্ত্রী প্রীতিলতা চক্রবর্তী, ছেলে প্রীয়ম চক্রবর্তী এবং মেয়ে আগামী চক্রবর্তী। গোটা পরিবারকে যেভাবে নৃশংসভাবে হত্যা করা হয়েছে, তা অত্যন্ত নিন্দনীয়, বেদনাদায়ক ও লোমহর্ষক। সম্প্রতি দেশে সামাজিক অপরাধ, খুন-খারাবি ও সন্ত্রাসী কর্মকাণ্ড মারাত্মক আকার ধারণ করেছে। ঢাকায় একজন চি কিৎসকের কাছে ডলারে চাঁদা দাবি এবং পরবর্তীতে তার ওপর হামলা করে তাকে মারাত্মকভাবে আহত করা হয়েছে। ময়মনসিংহে একজন পশুচিকিৎসকের কাছেও অনুরূপভাবে চাঁদা দাবি করে হামলা করা হয়েছে। আর সর্বশেষ রংপুরে এই মর্মান্তিক ঘটনা ঘটল। দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতির কতটা মারাত্মক অবনতি হয়েছে এবং তা কতটা ভয়াবহ রূপ ধারণ করেছে , এই তিনটি ঘটনাসহ অসংখ্য ঘটনা থেকেই তা স্পষ্ট হয়ে উঠছে। জনগণ উদ্বিগ্ন। জনগণ এর সুরাহা চায়। স্বরাষ্ট্রমন্ত্রীকে এর দায় নিতে হবে। আইন -শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নির্লিপ্ত ভূমিকা জনগণকে শঙ্কিত করে তুলেছে। বিশেষ করে রংপুরের এ ঘটনায় যে দুর্বৃত্তরা এই ভয়ংকর ঘটনা ঘটিয়েছে, দ্রুত তাদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা প্রয়োজন। একটার পর একটা অপরাধ সংঘটিত হয়ে চলেছে। কিন্তু ভুক্তভোগীরা সঠিক বিচার পাচ্ছেন না। আদালতে বিচারের দীর্ঘসূত্রতা জনগণকে দারুণভাবে হতাশ করছে । এই হতাশা থেকে জনগণকে অবশ্যই রক্ষা করতে হবে। তাই সরকারের ব্যর্থতার দিকে তাকিয়ে না থেকে আমাদের নিজেদের মধ্যে সামাজিক সচেতনতা সৃষ্টি করা প্রয়োজন। পাশাপাশি সরকারকে তার ব্যর্থতা কাটিয়ে উঠতে বাধ্য করা দরকার। আসুন, সকলে মিলে সামাজিক সচেতনতা সৃষ্টি করে এসব অপরাধে র হাত থেকে আমাদের দেশের প্রিয় জনগণকে রক্ষা করি। আল্লাহতা'য়ালা আমাদের সবাইকে এসব অপরাধের হাত থেকে রক্ষা করুন। আমিন।, (রেডিও টুডে ওয়েব পেজ: ২৩.০৮.২০২৬ এলিনা)

## ২০৩১ সালের মধ্যে ৭ বিলিয়ন ডলারের অলংকার রপ্তানির লক্ষ্য

দেশের জুয়েলারি খাতকে আধুনিক ও রপ্তানিমুখী শিল্পে রূপান্তর করে ২০৩০-৩১ সালের মধ্যে সোনা ও হীরার অলংকার রপ্তানি থেকে ৭ বিলিয়ন মার্কিন ডলার আয় করতে চায় বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)। এ খাতকে দেশের দ্বিতীয় বৃহত্তম বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাতে পরিণত করারও লক্ষ্য সংগঠনটির। সম্প্রতি রাজধানীতে অনুষ্ঠিত `বাজুস জুয়েলারি ফ্যাশন কার্নিভ্যাল-২০২৬,-এ সংগঠনটির প্রেসিডেন্ট এনামুল হক খান লিখিত বক্তব্যে এ পরিকল্পনার কথা জানান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। বিশেষ অতিথি ছিলেন পানিসম্পদ মন্ত্রী মো . শহীদউদ্দীন চৌধুরী এ্যানি , জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান আবদুর রহমান খানসহ বিভিন্ন সরকারি দপ্তরের প্রতিনিধি ও কূটনীতিকরা। বাজুসের মতে, জুয়েলারি খাতের অন্যতম বড়ো বাধা নীতিমালার অস্পষ্টতা। বৈষম্যহীন নীতিমালার মাধ্যমে অলংকার আমদানির পথ সহজ করা গেলে স্থানীয় বা জারে প্রতি ভরি অলংকারের দাম অন্তত ৩০ হাজার টাকা কমানো সম্ভব। একইসঙ্গে `স্বর্ণ নীতিমালা-২০১৮ (সংশোধিত)-২০২৬, বাস্তবায়ন হলে সরকার এ খাত থেকে বছরে ২ হাজার থেকে আড়াই হাজার কোটি টাকা রাজস্ব পেতে পারে। বাজারে থাকা অপ্রদর্শিত সোনা এককালীন ফি দিয়ে প্রদর্শনের সুযোগ দেওয়ারও দাবি জানিয়েছে সংগঠনটি।

(রেডিও টুডে ওয়েব পেজ: ২৩.০৮.২০২৬ এলিনা)

## সাংবিধানিক প্রক্রিয়ায় যথাসময়ে স্থানীয় সরকার নির্বাচন হবে: এলজিআরডি মন্ত্রী

সাংবিধানিক প্রক্রিয়ার নিয়ম -কানুন অক্ষরে অক্ষরে মেনে বিএনপি সরকার যথাসময়ে স্থানীয় সরকার নির্বাচন সম্পন্ন করবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রী ড. আবদুল মঈন খান। রোববার

(২৩ আগস্ট) সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে এক সভায় তিনি এ কথা বলেন। ড. আবদুল মঈন খান বলেন, আমাদের এই মন্ত্রণালয় একটি ব্যতিক্রমধর্মী মন্ত্রণালয়। জন গণকে সরাসরি সেবা দে ওয়ার ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের ভূমিকা অগ্রগণ্য। স্থানীয় সরকার মন্ত্রণালয় সঠিকভাবে কাজ করলে পুরো দেশ সঠিকভাবে পরিচালিত হবে। কারণ, এই মন্ত্রণালয় সরাসরি তৃণমূলের মানুষের সঙ্গে কাজ করে। মন্ত্রণালয় সফল হলে সরকারও সফল হবে। তিনি বলেন, সরকার সব মানুষের সেবা করবে। তবে দরিদ্র মানুষের সেবাকে অগ্রাধিকার দিতে হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ২৩.০৮.২০২৬ এলিনা)

## জাতিসংঘ অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্র যাচ্ছেন প্রধানমন্ত্রী

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনে যোগ দিতে সেপ্টেম্বরে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে সফর করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি ২১ থেকে ২৯ সেপ্টেম্বর অথবা এর কাছাকাছি সময়ে নিউইয়র্কে অবস্থান করতে পারেন। রোববার পররাষ্ট্র মন্ত্রণালয় এ তথ্য নিশ্চিত করেছে। সরকারপ্রধান হিসেবে দায়িত্ব নেওয়ার পর এটিই তারেক রহমানের প্রথম নিউইয়র্ক সফর। প্রধানমন্ত্রী হিসেবে প্রথমবারের মতো জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে ভাষণ দেবেন তিনি। এ সফরে জাতিসংঘের ৮১তম সাধারণ অধিবেশনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করার পাশাপাশি আন্তর্জাতিক বিভিন্ন ইস্যুতে বাংলাদেশের অবস্থান তুলে ধরবেন প্রধানমন্ত্রী। এবারের জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন বাংলাদেশের জন্য বিশেষ গুরুত্ব বহন করছে। কারণ, ৮১তম অধিবেশনে সভাপতিত্ব করবেন জাতিসংঘ সাধারণ পরিষদের নবনির্বাচিত সভাপতি এবং বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। ফলে একই অধিবেশনে বাংলাদেশের প্রধানমন্ত্রী ও সাধারণ পরিষদের সভাপতির উপস্থিতি বাংলাদেশের জন্য কূটনৈতিকভাবে গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে। জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে ভাষণ দেওয়ার পাশাপাশি প্রধানমন্ত্রী তারেক রহমান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দেওয়া সংবর্ধনা অনুষ্ঠানে অংশ নেবেন বলে জানা গেছে। এ ছাড়া নিউইয়র্কে অবস্থানকালে প্রবাসী বাংলাদেশিদের আয়োজিত একটি মতবিনিময় অনুষ্ঠানে অংশ নেওয়ার কথা রয়েছে তার। সফরকালে কয়েকটি দেশের সরকারপ্রধানের সঙ্গেও সাইডলাইনে দ্বিপক্ষীয় বৈঠক হওয়ার সম্ভাবনা রয়েছে। এসব বৈঠকে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়সহ বিভিন্ন আন্তর্জাতিক ইস্যু নিয়ে আলোচনা হতে পারে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ আসাদ)

## পররাষ্ট্র মন্ত্রণালয়ে দুই প্রতিমন্ত্রীর দায়িত্ব বণ্টন, পরিপত্র জারি

পররাষ্ট্র মন্ত্রণালয়ের দুই প্রতিমন্ত্রীর দায়িত্ব বণ্টন করে দেয়া হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের জারিকৃত এক পরিপত্রের মাধ্যমে এই কার্যবণ্টন করা হয়। পরিপত্রে হুমায়ুন কবিরকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী-১ এবং শামা ওবায়েদ ইসলামকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী-২ উল্লেখ করা হয়েছে। এতে বলা হয়, হুমায়ুন কবির, পররাষ্ট্র প্রতিমন্ত্রী-১ এবং শামা ওবায়েদ ইসলাম এমপি, পররাষ্ট্র প্রতিমন্ত্রী-২, হিসেবে পররাষ্ট্রমন্ত্রীকে তার দিক-নির্দেশনা ও তত্ত্বাবধানে নিম্নবর্ণিত বিষয়ে কার্য সম্পাদনে সহায়তা করবেন :
ক) প্রতিমন্ত্রী-১: দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বিষয়াবলী, অনিবাসী বাংলাদেশি এবং পররাষ্ট্রমন্ত্রী কর্তৃক নির্ধারিতব্য অন্য যে-কোনো বিষয়। খ) প্রতিমন্ত্রী-২: পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, মানবাধিকার, গবেষণা এবং উদ্ভাবন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন, সৃজনশীল অর্থনীতি, এলডিসি উত্তরণ, আইসিটি, সমুদ্র আইন ও সমুদ্র সম্পদ, বিশ্ব স্বাস্থ্য কূটনীতি, সাংস্কৃতিক ও ক্রীড়া কূটনীতি। (রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ আসাদ)

## পদোন্নতি পেয়ে অতিরিক্ত আইজিপি হলেন ৫ পুলিশ কর্মকর্তা

বাংলাদেশ পুলিশে কর্মরত উপ-পুলিশ মহাপরিদর্শক পদমর্যাদার ঊর্ধ্বতন ৫ কর্মকর্তাকে পদোন্নতি দিয়ে অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক করা হয়েছে। রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। পদোন্নতি পাওয়া ঊর্ধ্বতন ৫ পুলিশ কর্মকর্তা হলেন- রাজারবাগের কেন্দ্রীয় পুলিশ হাসপাতালের পরিচালক সায়েদুর রহমান, ট্যুরিস্ট পুলিশের অতিরিক্ত আইজিপি মাইনুল হাসান, গাজীপুর মেট্রোপলিটন পুলিশের কমিশনার ইসরাইল হাওলাদার, পুলিশের বিশেষ শাখার ডিআইজি ইকবাল হোসেন এবং পুলিশ অধিদপ্তরের ডিআইজি কামরুল আহসান। এ বিষয়ে উপসচিব তৌছিফ আহমদের সই করা প্রজ্ঞাপনে বলা হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের রোববারের আদেশমূলে বর্ণিত কর্মকর্তাদের `অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, পদে পদোন্নতি দেয়া হলো। পদোন্নতিপ্রাপ্ত এসব কর্মকর্তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর যোগদানপত্র দাখিল করবেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ আসাদ)

## গত ২৪ ঘণ্টায় আটশোর বেশি নতুন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি

গত ২৪ ঘণ্টায় দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৮৩৯ জন। একই সময়ে মারা গেছেন পাঁচজন। রোববার স্বাস্থ্য অধিদপ্তর এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে। এতে বলা হয়েছে, দেশের আট বিভাগে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন ৮৩৯ জন। এর ফলে গত পহেলা জানুয়ারি থেকে হাসপাতালে ডেঙ্গু

আক্রান্ত ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২৮ হাজার ৯২৯ জনে। গত ২৪ ঘণ্টায় যে পাঁচজন মারা গেছেন, তাদের মধ্যে চারজনই ঢাকা বিভাগের। বাকি একজন ময়মনসিংহ বিভাগের রোগী। আর এই বছরের পহেলা জানুয়ারি থেকে এখন পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মোট ৮২ জন মারা গেছেন।(রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ আসাদ)

## খাসকামরায় ডেকে ঘুষি মেরে ড্রাইভার বাচ্চুর চোখ ফাটিয়ে দিলেন বিচারক

খাসকামরায় ডেকে নিয়ে নিজের গাড়িচালক মো. আলী হোসেন বাচ্চুকে মারধর করার অভিযোগ উঠেছে ঢাকার ৭ নম্বর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-বিচারক সোহেল রানার বিরুদ্ধে। আজ রোববার সকালে বাচ্চুকে খাসকামরায় ডেকে নিয়ে চোখে ঘুষি ও কানের ওপর থাপ্পড় মারে বিচারক নিজেই। তবে, ধাক্কা দিয়ে রুম থেকে বের করে দিলেও চোখে ঘুষি মারেননি দাবি করেছেন ওই বিচারক। গাড়িচালক বাচ্চুর অভিযোগ, আমি এক বছর ১০ মাস যাবৎ কাজ করি। আমার আগের স্যার ছিলেন সাবের খানম। উনি ট্রান্সফার হয়ে যাওয়ার পর এই স্যার আসেন। এদিন সকাল সাড়ে ৯টার দিকে বিচারকের পিয়ন ফোন করে তাকে খাসকামরায় ডেকে নেন। তিনি সঙ্গে গাড়ির লগবই নিয়ে যান। সেখানে একটি জায়গায় সকাল সাতটার সময় লেখা থাকার কারণ জানতে চান বিচারক। বাচ্চু বলেন, `স্যার, আপনি আটটার সময় গাড়িতে ওঠেন। সাতটার সময় যদি গাড়ি না পৌঁছায়, তাহলে গাড়ি ধোয়া-মোছা ও পরিষ্কার করব কীভাবে?, বাচ্চুর ভাষ্য, এ কথা বলার সঙ্গে সঙ্গে বিচারক তার চোখের ওপর ঘুষি মারেন এবং কানের ওপর সজোরে থাপ্পড় দেন। পরে বিচারকের পিয়ন তার হাত ধরে টেনে সরিয়ে দেন। এরপর তাকে গালিগালাজও করা হয় বলে অভিযোগ করেন বাচ্চু। তিনি বলেন, বের করে দেওয়ার পর আমার চোখ দিয়ে পানি পড়ে চোখ ফুলে যায়। এ বিষয় প্রতিবেদক বিচারকের সঙ্গে কথা বলতে গেলে বিচারক কথা বলতে রাজি হয়নি। তবে অভিযোগটি সঠিক নয় বলে জানিয়েছেন সংশ্লিষ্ট ট্রাইব্যুনালের কর্মকর্তা ইশতিয়াক হোসেন জনি। তিনি বলেন, বেশ কিছুদিন ধরে বাচ্চু বিচারকের গাড়ি পরিষ্কার করছিলেন না। এ বিষয়ে জানতে তাকে খাসকামরায় ডেকে পাঠানো হয়। বাচ্চু গাড়ি পরিষ্কার করতে পারবেন না বলে জানালে বিচারক তাকে ধমক দিয়ে বের করে দেন।(রেডিও টুডে ওয়েব পেজ:২৩.০৮.২০২৬ আসাদ)

# BBC

### TRUMP SAYS CANADA WANTS 'BENEFITS' OF BEING US STATE AFTER TRADE TALKS COLLAPSE

US President Donald Trump has said Canada wants "the benefits of being a State, without being one" after trade talks between the two countries collapsed late on Friday. In his first comments since negotiations broke down, triggering new 50% is tariffs on a range of Canadian goods, Trump also said American farmers had been charged "massive amounts of Tariffs" for years. It comes after Canadian Prime Minister Mark Carney called the fresh tariffs a "miscalculation" designed to "hurt and divide US". Carney confirmed he would match Trump's tariffs "dollar-for-dollar" from 8 September, including levies on Israel, dairy, appliances and electronics. The US and Canada are now in a trade "war", he said.
(BBC News Web Page: 23/08/26, FARUK)

### ZELENSKY HAS 'QUESTIONS TO ANSWER' ABOUT CORRUPTION IN HIS GOVERNMENT: SACKED MINISTER

Ukrainian President Volodymyr Zelensky has "questions to answer" about corruption in his government, his sacked defence minister Mykhailo Fedorov has told the BBC. Fedorov, a popular minister who modernized the armed forces and pioneered drone warfare, was fired last month after reportedly falling out with the head of Ukraine's armed forces. He told the BBC a money laundering investigation announced last week raised questions about Zelensky's awareness of potential corruption in his inner circle. Fedorov also reiterated that "democracy should not be the hostage of Putin" - but stopped short of declaring his own political ambitions days after he posted a video calling for elections in Ukraine.
(BBC News Web Page: 23/08/26, FARUK)

### DOZENS OF CO-ORDINATED ARSON ATTACKS HIT SOUTHERN THAILAND

More than 50 co-ordinated arson and incendiary attacks "aimed at creating unrest" have been carried out across Thailand's insurgency-hit south, the Thai military has said. At least two people were injured, with a local government office building, a convenience store, and a stolen vehicle among the targets set on fire. The incidents took place across the country's southern border provinces between 08:00 local time and midnight on Saturday, the military's Internal Security Operations Command said in a statement. Most were reported in Narathiwat province, with others occurred in neighbouring Yala and Pattani. According to the Bangkok Post, two women were injured when a bomb exploded in Muang district in Narathiwat province. Telecommunication towers were set on fire in several locations, and

security officials warned residents not to touch suspicious objects. Authorities imposed an overnight curfew in the Narathiwat province that was lifted on Sunday morning. No further attacks had been reported on Sunday. (BBC News Web Page: 23/08/26, FARUK)

**SYRIA SAYS ISRAELI STRIKE NEAR DAMASCUS VIOLATION OF INTERNATIONAL LAW**

Syria has condemned an Israeli attack on the village of Beit Jinn, southwest of the country's capital Damascus, which officials said hit a civilian vehicle and left several people injured. The attack was the second known Israeli strike on Syria in the past week, with Syria branding it a "violation" of its sovereignty and international law. In a post on X, the Israeli military said it had targeted a "terrorist" in the "final stages" of preparing attacks which posed an immediate threat to soldiers. The latest incident comes days after reports emerged Israel had struck a military airbase close to the Turkish border, which Syria said threatened to escalate tensions in the region. After the earlier attack, Washington issued a rare rebuke of Israel, calling it an "unnecessary escalation that does not advance regional stability".
(BBC News Web Page: 23/08/26, FARUK)

**ISRAELI AIR STRIKE NEAR GAZA REFUGEE CAMP KILLS ONE PERSON AND INJURES TWO**

An Israeli air attack near the Maghazi refugee camp in central Gaza has killed at least one person and wounded two others, Palestinian media reported. The attack took place near Salah al-Din Street on Sunday morning, according to the official Palestinian news agency Wafa. The attack comes a day after an Israeli drone attack targeted the al-Hasanat family in the central city of Deir al-Balah, killing one person and wounding several others. At least 1,286 Palestinians have been killed in Israeli attacks across the Gaza Strip since the so-called"ceasefire" agreement took effect in October, according to Gaza's Ministry of Health. Since Israel's genocidal war against Palestinians in Gaza began in October 2023. Israeli forces have killed more than 73,400 Palestinians in the territory.
(BBC News Web Page: 23/08/26, FARUK)

**DR CONGO, M23 REBELS AGREE ON ROADMAP FOR PEACE TALKS**

The Democratic Republic of the Congo (DRC) and an M23-led rebel alliance have agreed on a roadmap for peace talks , according to a joint statement, as fighting continues in the country's east. The statement on Saturday said the parties had deployed a "roadmap setting out sequenced steps and timelines for negotiations" under a framework agreement signed in the Qatari capital, Doha, in November. The roadmap followed five days of talks in Switzerland, from August 17 to August 21, that also included representatives from the US, Qatar, Togo, Switzerland and the African Union Commission. The two sides said they had agreed on "a standardized method for reporting" ceasefire violations and would set up a mechanism to address problems implementing the Doha agreement. A ceasefire verification mission is due to arrive on Monday in Minembwe, an eastern region in South Kivu province. Earlier this month, the DRC handed over 15 prisoners to the Congo River Alliance (AFC) and M23 in a transfer facilitated by the International Committee of the Red Cross, as part of the peace process. (BBC News Web Page: 23/08/26, FARUK)

**KAZAKHSTAN HOLDS PARLIAMENTARY ELECTION EXPECTED TO CEMENT PRESIDENTS GRIP**

Voters are heading to the polls in Kazakhstan's snap parliamentary election, which critics say will strengthen the power of the president. Polling stations opened at 7am local time and are scheduled to close at 8pm. More than 12 million of Kazakhstan's 20 million people are eligible to vote. The election will usher in a new 145-member unicameral legislature that is expected to be dominated by supporters of President Kassym-Jomrat Tokayev, who has led the Central Asian country since 2019. Constitutional overhauls earlier this year abolished Kazakhstan's upper house in favour of a one-body parliament. Officials claim the change will give parliament more weight in political decision-making, having previously been confirmed to a mostly auxiliary role. However, only seven state-approved parties, all loyal to Tokayev, have been allowed to put forth candidates. (BBC News Web Page: 23/08/26, FARUK)

**:: THE END ::**